# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Boishakh 01, 1431 Bangla, April 14, 2024, Sunday, No. 105, 54th year

# H I G H L I G H T S

Today is Pahela Baisakh, the first day of Bengali New Year. The day's programmes have begun in the capital at dawn with the musical soiree of Chhayanat. Chaitra Sankranti celebrated yesterday. (Jago FM: 15)

AL GS Obaidul Quader says, after all the conspiracies to obstruct the country's democracy and electoral process failed, BNP is now making blatant lies with fabricated information. (R: Today: 12)

BNP SG Mirza Fakhrul Islam alleges, the Awami League has turned the country into a police state. (R. Today: 10)

Regarding recent landing of two flights from Israel at Dhaka's HSIA, the concerned authorities says, the aircraft landed to transport Bangladeshi-made garments to the Middle East and Europe. (Jago FM: 13)

Security analysts opine KNF might have carried out the attack due to financial crisis. Some believe it is not unusual for them to gain and demonstrate power with the help of some regional groups. (BBC: 03)

Bank loan interest rates in BD continue to rise after the introduction of Six-Month Moving Average Rate of Treasury Bill. Analysts say, this situation has arisen due to the pressure of taking money from banks to meet the government's expenses. (DW: 08)

Even after continuous arrest operations in the country, the teen gangs cannot be stopped. There are allegations of influential people's involvement behind the youth gangs and it is these godfathers who bail the gang members when they are caught by the police. (DW: 07)

A man was shot dead and seven others injured, including one with bullet wounds, during a clash between two rival groups of Awami League in Munshiganj. (R. Today: 13)

Due to differences of opinion, the expert committee, formed to review "The Story of Sharifa", in the seventh-grade textbook could not give a report even after more than two and a half months. (Jago FM: 16)

A young Bangladeshi named Hossain Al Raji was killed by Warren City Police in Michigan, USA. (Jago FM: 13)

Myanmar's Karen rebel group has claimed control over Myawaddy, a key town near the Thai border. (NHK: 06)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ০১, বাংলা ১৪৩১, এপ্রিল ১৪, ২০২৪, রবিবার, নং- ১০৫, ৫৪তম বছর**

# শিরোনাম

আজ পহেলা বৈশাখ; বাঙালির প্রাণের উৎসব। আর এ উৎসব উদ্‌যাপনে বরাবরের মতো এবারও সেজেছে রমনার বটমূল। ছায়ানটের শিল্পীরা জানান, এবারের বর্ষবরণ অনুষ্ঠান শুরু সকাল সোয়া ৬টায়।গতকাল চৈত্র সংক্রান্তি পালিত। (জাগো এফএম: ১৫)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, দেশের গণতন্ত্র ও নির্বাচনী প্রক্রিয়া বাধাগ্রস্ত করতে সব ষড়যন্ত্র ব্যর্থ হওয়ার পর বিএনপি এখন মনগড়া তথ্য দিয়ে নির্লজ্জ মিথ্যাচার করছে। (রে. টুডে: ১২)

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, আওয়ামী লীগ আজ রাষ্ট্রকে পুলিশি রাষ্ট্রে পরিণত করেছে। (রে. টুডে: ১০)

ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সম্প্রতি ইসরায়েল থেকে দুটি ফ্লাইট অবতরণ প্রসঙ্গে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বলেছেন, বাংলাদেশের তৈরি পোশাক মধ্যপ্রাচ্য ও ইউরোপে নিয়ে যাওয়ার উদ্দেশ্যে বিমানটি অবতরণ করে। (জাগো এফএম: ১৩)

কেএনএফ এর সাম্প্রতিক হামলা প্রসঙ্গে নিরাপত্তা বিশ্লেষকরা মনে করছেন, অর্থ সংকটে পড়েই ওই হামলা করেছে কেএনএফ। তবে আঞ্চলিক কিছু গোষ্ঠীর সহায়তা পেয়ে শক্তি সঞ্চয় করাটাও কেএনএফ-এর জন্য অস্বাভাবিক নয় বলে কেউ কেউ মনে করেন। (বিবিসি: ০৩)

নয়-ছয় থেকে 'স্মার্ট' পদ্ধতি চালুর পর বাংলাদেশে ব্যাংকঋণের সুদহার ক্রমাগত বাড়ছে। বিশ্লেষকদের মতে, ব্যাংক থেকে টাকা নিয়ে সরকারের ব্যয় মেটানোর চাপে এই পরিস্থিতি তৈরি হয়েছে। (ডয়েচে ভেলে: ০৮)

দেশে ধারাবাহিক গ্রেপ্তার অভিযানের পরও কিশোর গ্যাং-কে থামানো যাচ্ছে না। বিভিন্ন ঘটনায় কিশোর গ্যাং-এর নেপথ্যে প্রভাবশালীদের জড়িত থাকার অভিযোগ উঠছে যারা পুলিশের হাতে ধরা পড়লে জামিনে ছাড়িয়ে আনেন এ গ্যাংয়ের সদস্যদের। (ডয়েচে ভেলে: ০৭)

মুন্সীগঞ্জে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই গ্রুপের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে পারভেজ নামের এক যুবক নিহত হয়েছেন। এ ঘটনায় গুলিবিদ্ধসহ আরো কয়েকজন আহত হয়েছে। (রে. টুডে: ১৩)

সপ্তম শ্রেণির ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বইয়ের 'শরীফার গল্প' গল্পটি পরিমার্জনের জন্য কমিটি গঠন করা হলেও বিশেষজ্ঞ কমিটির সদস্যদের মধ্যে মতামতের ভিন্নতা থাকায় আড়াই মাসের বেশি সময় পার হলে প্রতিবেদন দিতে পারেনি কমিটি। (জাগো এফএম: ১৬)

যুক্তরাষ্ট্রের মিশিগানে ওয়ারেন সিটি পুলিশের গুলিতে হোসেন আল রাজি (১৮) নামে এক বাংলাদেশি তরুণ নিহত হয়েছেন। (জাগো এফএম: ১৩)

মিয়ানমারের সামরিক বাহিনীর বিরুদ্ধে লড়াইরত সশস্ত্র বিদ্রোহী বাহিনীগুলোর ভাষ্যানুযায়ী, কারেন বিদ্রোহী বাহিনী থাইল্যান্ড সীমান্তে অবস্থিত একটি গুরুত্বপূর্ণ বাণিজ্যিক শহর দখল করে নিয়েছে। (এনএইচকে: ০৬)

# বিবিসি

## কেএনএফ হঠাৎ করে কীভাবে শক্তি সঞ্চয় করতে পারলো

বাংলাদেশের পার্বত্য জেলা বান্দরবানে চলতি মাসের শুরুতে ষোল ঘণ্টার ব্যবধানে দুটি ব্যাংকের তিনটি শাখায় ডাকাতির ঘটনার পর কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট বা কেএনএফ-এর বিরুদ্ধে যৌথ অভিযান চালিয়ে যাচ্ছে নিরাপত্তা বাহিনীগুলো। এ ঘটনার দু বছর আগেই সামাজিক মাধ্যমে আত্মপ্রকাশ করেছিল সরকারের দৃষ্টিতে 'বিচ্ছিন্নতাবাদী সংগঠন কেএনএফ'। তবে এক পর্যায়ে জঙ্গি সংগঠনের সদস্যদের প্রশিক্ষণ দেয়ার অভিযোগে র‍্যাবের বড় ধরনের অভিযানের মুখে পড়ে তারা। এরপর নানা ঘটনা প্রবাহের পর বান্দরবান জেলা পরিষদ চেয়ারম্যানের নেতৃত্বে গঠিত শান্তি প্রতিষ্ঠা কমিটির সঙ্গে আলোচনা চলমান থাকা অবস্থায় চলতি মাসের শুরুতে রুমা ও থানচিতে ব্যাংকে হামলা, ব্যাংক ম্যানেজার অপহরণ ও অস্ত্র লুটের ঘটনার পর এ প্রশ্নও উঠছে যে হুট করে এ শক্তি কোথায় পেলো কেএনএফ। সংগঠনটি তাদের আনভেরিফায়েড ফেসবুক পাতায় এক বিবৃতিতে দাবি করেছে, প্রতিবেশী একটি দেশে সশস্ত্র প্রশিক্ষণ নিয়েছে তাদের সদস্যরা। যদিও এটি আদৌ তাদের বক্তব্য কি-না তা নিরপেক্ষ কোনো সূত্র থেকে যাচাই করতে পারেনি বিবিসি। তবে নিরাপত্তা বিশ্লেষকরা মনে করছেন অর্থ সংকটে পড়েই দেশি অস্ত্র নিয়ে ওই হামলা করেছে কেএনএফ। শান্তি আলোচনা চলাকালে বান্দরবানে 'নিরাপত্তা ব্যবস্থায় শিথিলতা' আসাটাও তাদের হামলার ক্ষেত্রে ভূমিকা রাখতে পারে বলে তারা ধারণা করছেন। যদিও বাংলাদেশের নিরাপত্তা বাহিনীর চোখ এড়িয়ে আঞ্চলিক কিছু গোষ্ঠীর সহায়তা পেয়ে শক্তি সঞ্চয় করাটাও কেএনএফ-এর জন্য অস্বাভাবিক নয় বলেও তারা কেউ কেউ মনে করেন। এক্ষেত্রে বাংলাদেশ সীমান্ত সংলগ্ন মিয়ানমারের চিন প্রদেশের কুকি চিনদের দিকেই ইঙ্গিত করেন বিশ্লেষকরা। ২০২২ সালের অক্টোবর থেকে কেএনএফ ও জঙ্গি বিরোধী যে ব্যাপক অভিযান র‍্যাব পরিচালনা করেছিল তাতে সংগঠনটি দুর্বল হয়ে পড়েছিল বলেই মনে করা হচ্ছিল। র‍্যাব তখন সংগঠনটির বিরুদ্ধে জঙ্গিদের প্রশিক্ষণ দেয়ার অভিযোগ এনেছিল। যদিও কেএনএফ তাদের আনভেরিফায়েড ফেসবুক পাতায় বরাবরই এ অভিযোগ অস্বীকার করে আসছে। কিন্তু এতো বড় অভিযানের পর শান্তি আলোচনার মধ্যে এভাবে দিনে দুপুরে হামলার শক্তি কেএনএফ কীভাবে পেতে পারে – এমন এক প্রশ্নের জবাবে বান্দরবানের জেলা প্রশাসক শাহ্ মোজাহিদ উদ্দিন বিবিসি বাংলাকে বলছেন, "পাহাড়ে সন্ত্রাসীদের বিরুদ্ধে অভিযান চলছে। অপরাধীদের আটক করা হচ্ছে। তারা কীভাবে করলো বা কেউ তাদের সহায়তা করেছে কি-না সবকিছুই খতিয়ে দেখা হবে"।

এর আগে ঘটনার পরে গত সাতই এপ্রিল পরিস্থিতি পর্যবেক্ষণে গিয়ে সেনাপ্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ সাংবাদিকদের বলেছিলেন 'শান্তি আলোচনা শুরুর পর তাদের (কেএনএফ) বিশ্বাস করেছিলাম, কিন্তু তারা যেহেতু বিশ্বাসভঙ্গ করেছে, সুতরাং আর ছাড় দেওয়ার সুযোগ নেই'। গত নভেম্বর থেকে সরাসরি শান্তি আলোচনায় অংশ নিচ্ছিল কেএনএফ। এর মধ্যেই হুট করে ব্যাংকে হামলা করে ব্যাংক ম্যানেজার অপহরণ ও অস্ত্র লুটের ঘটনায় বিস্মিত করেছে অনেককেই। তবে বিশ্লেষকরা কেউ কেউ মনে করেন বিচ্ছিন্নতাবাদী সংগঠনগুলো অনেক সময় আলোচনার টেবিলে নিজেদের গুরুত্ব বোঝাতে এমন ঘটনা ঘটান, যার নজির এই অঞ্চলের দেশগুলোতে আছে। নিরাপত্তা বিশ্লেষক বিগ্রেডিয়ার জেনারেল (অবসরপ্রাপ্ত) শামীম কামাল বলছেন অনেক জায়গা থেকে সেনা ক্যাম্প প্রত্যাহারের পর অনেকদিন ধরেই সেখানে কাউকে দায়িত্ব দেয়া হয়নি, এমনকি এপিবিএন যাওয়ার কথা থাকলেও সেটিও হয়নি। "তাদের প্রায় চারশো লোকের ভরণ-পোষণসহ নানা খরচের জন্য টাকার জন্যই তারা ডেসপারেট হয়ে ব্যাংকে হামলা করেছে বলে আমি মনে করি। সেনাবাহিনী থাকলে হয়তো এত সহজে এটি করতে পারত না তারা," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। আবার শান্তি প্রতিষ্ঠা কমিটির সাথে আলোচনার পর সেখানে নিরাপত্তায় কোনো ঘাটতি থাকলে তারও সুযোগ নেয়ার চিন্তা থেকে হামলাটি হতে পারে বলে মনে করেন অনেকে।

কিন্তু তাদের শক্তিটা এলো কোথা থেকে এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, "তারা তো স্থানীয় মানুষ। কোথায় কোথায় নিরাপত্তা বাহিনী আছে সব তাদের জানা। কোথায় পুলিশ বা আনসার কাজ করছে, কতজন আছে সব তারা দেখছে। হামলার ভিডিওতে তো দেখা গেছে দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে হামলা করেছে তারা। স্বয়ংক্রিয় কোনো অস্ত্র নেই। তার মানে শক্তির চেয়ে সময় ও কৌশল এখানে বেশি ভূমিকা রেখেছে"। এদিকে কেএনএফের প্রধান সমন্বয়ক রোয়ান লিন বম ও চেওসিম বমকে গত সাতই এপ্রিলই আটকের খবর দিয়েছে র‍্যাব। এর আগে ও পরে আরও অনেককে আটক করে আইন শৃঙ্খলা বাহিনী। যদিও কেএনএফ তাদের আনভেরিফায়েড ফেসবুক পাতায় আটককৃতদের সাধারণ বম জনগোষ্ঠীর সদস্য হিসেবে দাবি করেছে। শামীম কামাল বলছেন, বিচ্ছিন্নতাবাদীদের বৈশিষ্ট্যই হলো সাধারণ মানুষের সঙ্গে মিশে থাকা। আরেকজন নিরাপত্তা বিশ্লেষক বিগ্রেডিয়ার জেনারেল (অবসরপ্রাপ্ত) মো. বায়েজিদ সারোয়ার বলছেন যে, অভিযানের সঙ্গে জড়িতদের এ কারণেই খুব সতর্ক থাকা দরকার যাতে মানুষের মধ্যে মিশে থাকা অপরাধীকে সঠিকভাবে যাচাই করে আটক করা সম্ভব হয়। তার মতে হুট করে কেএনএফ যে শক্তি প্রদর্শন করতে চেয়েছে তার কয়েকটি কারণ থাকতে পারে। এগুলো হলো আলোচনার টেবিলে নিজেদের শক্তি বোঝানোর চেষ্টা, আঞ্চলিক শক্তির প্রভাব কিংবা নিরাপত্তায় শিথিলতা। "তারা হয়তো এসেস করে দেখেছে যে শান্তি আলোচনা চলছে তা নিরাপত্তা কিছুটা শিথিল। আবার এটিও কিছুটা সত্য যে ভিন্ন ধরনের ভূ-প্রাকৃতিক অবস্থানের কারণে ওই অঞ্চলে বিদ্রোহী বা গেরিলারা ইচ্ছে করলে এ ধরনের ঘটনা ঘটাতে পারে," বিবিসি বাংলাকে বলছিলেন মি. সারোয়ার। তিনি বলেন, "শো অফ করার

জন্যও হতে পারে। আবার অনেক সময় বিচ্ছিন্নতাবাদী সংগঠনগুলো আলোচনার টেবিলে শক্তি দেখানোর জন্য এ ধরনের কাজ করে থাকে। এমন নজির আছে। অবশ্য আগে পার্বত্য চট্টগ্রামে যখন এ ধরনের আলোচনা হতো তখন বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা নেয়া হতো।"

তবে গত দু'বছরের বেশি সময় ধরে কেএনএফ ফেসবুকে তাদের তৎপরতার বিবরণ দিয়ে আসছে। সেখানে তারা দাবি করেছে তারা কীভাবে কোথা থেকে প্রশিক্ষণ নিয়ে সশস্ত্র দল তৈরি করেছে। মিয়ানমারের চীন প্রদেশের তৃতীয় বৃহত্তম জনগোষ্ঠী হলো কুকিরা। অর্থ ও রসদ সরবরাহ না থাকলে বিচ্ছিন্নতাবাদী সংগঠন পরিচালনা কঠিন। সে কারণেই কেএনএফ এর হুট করে শক্তি সঞ্চয়ের পেছনে অনেকে আঞ্চলিক সহায়তার কথাও বলে থাকেন। তবে বিচ্ছিন্নতাবাদী এই সংগঠনের নামে থাকা আনভেরিফায়েড ফেসবুক পাতায় অবশ্য দাবি করা হয়েছে যে কেএনএফ শুরুতে সরকারের নিবন্ধিত একটি সংগঠন হিসেবে যাত্রা শুরু করলেও ২০১৭ সালে 'সশস্ত্র শাখায়' রূপ নেয়। তারা আরও দাবি করেছে যে, "পরবর্তীতে মনিপুর রাজ্যের এবং মিয়ানমারের বিদ্রোহী গ্রুপগুলোর সাথে সম্পর্কোন্নয়ন হয়। অতঃপর একই বছরে সংগঠনের কেন্দ্রীয় কমিটি সংগঠনের কয়েক শত সদস্যকে মনিপুর রাজ্যে সামরিক প্রশিক্ষণে পাঠানো হয়। পরবর্তীকালে শতাধিক সক্রিয় সদস্য কাচিন, কারেন প্রদেশ এবং মনিপুর রাজ্যে আবার প্রশিক্ষণে পাঠায়"। তবে বিবিসি কোন নিরপেক্ষ সূত্র থেকে গত আটই এপ্রিল কেএনএফ এর ফেসবুক পাতায় দেয়া এই বিবৃতির সত্যতা যাচাই করতে পারেনি। শামীম কামাল বলছেন তিনি মনে করেন হুট করে হামলার মাধ্যমে শক্তির চেয়ে নিজেদের দুর্বলতার বেশী বহিঃপ্রকাশ ঘটিয়েছে কেএনএফ। "দেখুন হামলাকারীরা বেথেলপাড়া পাড় হয়ে রুমা পাহাড়ে চলে গেলে তাদের খুঁজে পাওয়া কঠিন হতো। ভিডিওতে দেখুন কারও হাতে স্বয়ংক্রিয় অস্ত্র নেই। সব দেশী অস্ত্র। আবার এত বড় ঘটনার পর লুকালো বান্দরবান শহরে। এসব কিছু বিশ্লেষণ করলে মনে হয় তাদের প্রকট সাংগঠনিক দুর্বলতাই ফুটে উঠেছে এবারের হামলায়," বলছিলেন মি.কামাল। এছাড়া বারই এপ্রিল বিজু বা বৈসাবি উৎসব শুরুর আগে ব্যাংকে হামলার ঘটনা পার্বত্য অঞ্চলে সাধারণ মানুষের মধ্যেও কেএনএফকে কিছুটা নেতিবাচক প্রতিক্রিয়া তৈরি করেছে বলে মনে করেন অনেকে। পার্বত্য চট্টগ্রামের তিন জেলায় নদী-হ্রদের পানিতে ফুল ভাসিয়ে বা 'ফুল বিজু' উদযাপনের মধ্য দিয়ে মঙ্গলবার তিন দিনের এ বিজু উৎসব শুরু হয়েছে। রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবানের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী খুমিদের সাংক্রাই, ত্রিপুরাদের বৈসু, চাকমাদের বিজু, মারমাদের সাংগ্রাই, ম্রোদের চানক্রান, খিয়াংদের সাংগ্রান ও তঞ্চঙ্গ্যাদের বিষুর আদ্যাক্ষর নিয়ে দাঁড়িয়েছে 'বৈসাবি'। তাই এই উৎসবকে সম্মিলিতভাবে 'বৈসাবি' বলে অনেকেই। বায়েজিদ সারোয়ার বলছেন বৈসাবি উৎসব ওই অঞ্চলের মানুষের জন্য খুবই আবেগের ও গুরুত্বপূর্ণ। কিন্তু কেএনএফ -এর হামলার জের ধরে তৈরি হওয়া পরিস্থিতির কারণে মানুষ এবার এই উৎসব ঠিক মতো করতে পারছে না।

(বিবিসি ওয়েব পেজ:১৩.০৪.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### বাংলাদেশ জুড়ে তাপ প্রবাহ, আসছে রুদ্র বৈশাখ

বাংলাদেশের বিভিন্ন জেলার ওপর দিয়ে বইছে তাপপ্রবাহ। শনিবার (১৩ই এপ্রিল) চৈত্রের শেষ দিন। ঋতু বিচারে বসন্তের শেষ দিন। চৈত্রের শেষ দিনে তাপ ছড়িয়েছে চরাচর জুড়ে। নববর্ষের আনন্দে ভর করে বাংলায় আসছে রুদ্র বৈশাখ। আবহাওয়া দফতর শনিবার সকালের পূর্বাভাসে বলেছে, রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের ওপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। তা আরো বিস্তার লাভ করবে এবং বিরাজ করবে আরো কয়েকদিন; বলেছে আবহওয়া দফতর। আবহাওয়াবিদরা জানিয়েছেন, তাপপ্রবাহ বিস্তৃত হবে আট বিভাগে। রোববার (১৪ই এপ্রিল) এবং সোমবার (১৫ই এপ্রিল) এই তাপপ্রবাহ অব্যাহত থাকবে। আবহাওয়া অফিস আরো জানিয়েছে শনিবার সকালে শেষ হওয়া ২৪ ঘণ্টায় কোনো বৃষ্টি হয়নি। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিলো রাঙামাটিতে, ৩৯ ডিগ্রি সেলসিয়াস। চট্টগ্রামের সীতাকুণ্ডে তাপমান রেকর্ড করা হয় ৩৮ দশমিক ৫ ডিগ্রি। আর, পটুয়াখালীর খেপুপাড়ায় তাপমাত্রা ছিলো ৩৮ ডিগ্রি সেলসিয়াস। এ ছাড়া, ৩৭ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয় কক্সবাজার, ফেনী, সন্দ্বীপ এবং ফরিদপুরে। শুক্রবার (১২ই এপ্রিল) ঢাকায় সর্বোচ্চ তাপমাত্রা ছিলো ৩৬ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস। বৃহস্পতিবার (১১ই এপ্রিল) বাংলাদেশের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় রাঙ্গামাটিতে ৪০ ডিগ্রি সেলসিয়াস। আবহাওয়া অধিদপ্তরে তথ্য অনুযায়ী তাপমাত্রা আগামী কয়েকদিনে আরো বাড়তে পারে। আবহাওয়াবিদরা বলছেন, তাপপ্রবাহের এমন প্রবণতা দেখা দিয়েছে গত কয়েক দিন ধরে। এই তাপপ্রবাহ ১৬ ও ১৭ এপ্রিলে সামান্য কমতে পারে। তারপর আবার শুরু হবে তাপপ্রবাহ। বাংলাদেশের অনতম প্রধান তাপপ্রবাহ প্রবণ জেলা চুয়াডাঙ্গা। এই জেলার প্রথম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগারের সিনিয়র পর্যবেক্ষক রকিবুল হাসান জানান, এপ্রিলের শুরু থেকেই মৃদু ও মাঝারি তাপপ্রবাহ চলেছে এখানে। মাঝে কয়েক দিন আবহাওয়া সহনীয় পর্যায়ে আসলেও, আবার মাঝারি তাপপ্রবাহ চলছে জানান তিনি। বলেন, শনিবার চুয়াডাঙ্গায় ৩৮ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়েছে। আর আগামী কয়েক দিন বৃষ্টির পূর্বাভাস নেই। এখন সূর্য অবস্থান করছে উত্তর গোলার্ধে। তাই, এ অঞ্চলে তাপ ছড়িয়ে পড়ছে। বাংলাদেশ ছাড়া; ভারতের পশ্চিমবঙ্গ, হরিয়ানা, দিল্লি, উত্তর প্রদেশ, গুজরাটসহ দেশটির দক্ষিণ-পশ্চিমাঞ্চলজুড়ে এই তাপপ্রবাহ বিরাজ করছে বলে জানান আবহাওয়াবিদরা। উল্লেখ্য যে, ৩৬ থেকে ৩৭ দশমিক ৯

ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা হলে মৃদু তাপপ্রবাহ এবং ৩৮ থেকে ৩৯ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস হলে মাঝারি তাপপ্রবাহ বলা হয়। আর তাপমান এর উপরে উঠলে তীব্র তাপপ্রবাহ হিসেবে বিবেচনা করা হয়।
(ভোয়া ওয়েব পেজ: ১৩.০৪.২০২৪ রুবাইয়া)

## বাংলা নববর্ষ উদ্‌যাপনের প্রস্তুতি সম্পন্ন, নিরাপত্তা জোরদার করেছে ডিএমপি

বাংলাদেশে রবিবার (১৪ই এপ্রিল) উদ্‌যাপিত হবে বাংলা নববর্ষ। পহেলা বৈশাখ বা বাংলা নববর্ষ হলো এই ভূখণ্ডের সবচেয়ে বড় অসাম্প্রদায়িক ও সর্বজনীন উৎসব। দিনটি উদ্‌যাপনের জন্য সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে বাংলাদেশ জুড়ে। এবছর খ্রিস্টীয় সাল লিপইয়ার হওয়ায়, ভারতের পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশে অভিন্ন দিনে বাংলা নববর্ষ উদ্‌যাপিত হচ্ছে। বাংলাদেশে বাংলা বর্ষপঞ্জি শুরু হয় ১৪ই এপ্রিলকে পহেলা বৈশাখ নির্দিষ্ট করে। আর, পশ্চিমবঙ্গের বাঙালিরা বাংলা নববর্ষ উদ্‌যাপন করেন প্রাচীন বাংলা বর্ষ গণনার ঐতিহ্য মতে।

**বর্ষবরণের মূল আয়োজন**

বাংলাদেশে বর্ষবরণের চমকপ্রদ ও জমজমাট আয়োজন হয় রাজধানী ঢাকায়। এখানে বৈশাখী উৎসবের অনুষ্ঠানমালা এক মিলন মেলার সৃষ্টি করে। নববর্ষের প্রথম প্রভাতে রমনা উদ্যান ও এর চারপাশের এলাকায় উচ্ছল জনস্রোতে সৃষ্টি হয় জাতীয় বন্ধন। ছায়ানটের উদ্যোগে জনাকীর্ণ রমনার বটমূলে রবীন্দ্রনাথের আগমনী গান 'এসো হে বৈশাখ এসো এসো'-এর মাধ্যমে নতুন বর্ষকে বরণ করা হয়। ১৩৭২ বঙ্গাব্দে (১৯৬৫) ছায়ানট প্রথম এ উৎসব শুরু করে। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউটের বকুলতলার প্রভাতী অনুষ্ঠানে নববর্ষকে সম্ভাষণ জানানো হয়। এখানকার চারুশিল্পীদের বর্ণাঢ্য শোভাযাত্রা, নববর্ষের আহবানকে করে তোলে নয়ন মনোহর এবং গভীর আবেদনময়। এ শোভাযাত্রা উপভোগ করে সব শ্রেণীর মানুষ। দিনটিতে শহীদ মিনার প্রাঙ্গণ, টি.এস.সি এবং চারুকলা ইনস্টিটিউট সহ সমগ্র ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা পরিণত হয় বিশাল জনসমুদ্রে।

**ডিএমপির নিরাপত্তা প্রস্তুতি**

রমনা পার্ক বটমূলে পহেলা বৈশাখ উদযাপন সংক্রান্ত সুনির্দিষ্ট হুমকির তথ্য নেই বলে জানিয়েছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) কমিশনার হাবিবুর রহমান। তবে প্রয়োজনীয় সকল সতর্কতামূলক ব্যবস্থা নেয়া হয়েছে বলে জানিয়েছেন তিনি। শনিবার (১৩ই এপ্রিল) রমনা বটমূলে বাংলা নববর্ষ উদযাপনের প্রস্তুতি পর্যালোচনার পর এক ব্রিফিংয়ে সাংবাদিকদের এ তথ্য জানান ডিএমপি কমিশনার। তিনি বলেন, জননিরাপত্তা নিশ্চিত করতে, সকল নির্ধারিত অনুষ্ঠান বিকাল ৫টার মধ্যে শেষ হবে এবং এর পরপরই প্রাঙ্গণ পরিষ্কার করা হবে। অতীতে এই জাতীয় সাংস্কৃতিক সমাবেশকে লক্ষ্য করে সন্ত্রাসী কর্মকাণ্ডের আলোকে এই পদক্ষেপগুলোর গুরুত্বের ওপর জোর দেন কমিশনার হাবিবুর রহমান। ডিএমপি কমিশনার জানান, সিসিটিভি নজরদারি, ড্রোন পর্যবেক্ষণ এবং ইভেন্ট ভেন্যুগুলোর চারপাশে কৌশলগতভাবে স্থাপন করা ওয়াচ টাওয়ারসহ বিস্তৃত সুরক্ষা ব্যবস্থা নেয়া হয়েছে। এছাড়া, বোমা নিষ্ক্রিয়করণ ইউনিট একটি প্রাথমিক নিরাপত্তা মূল্যায়ন সম্পন্ন করেছে বলে জানান তিনি। বলেন, নিরাপত্তা বজায় রাখার জন্য সুস্পষ্ট কর্মকৌশল নির্ধারণ করেছে ডিএমপি। তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় ও রমনা পার্কের আশপাশের এলাকায় নিরাপদ ও সুশৃঙ্খলভাবে উদযাপনের জন্য শনিবার (১৩ই এপ্রিল) সন্ধ্যা থেকে ট্রাফিক নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর হচ্ছে। রমনা বটমূলের নিরাপত্তা কঠোরভাবে নিয়ন্ত্রণ করা হবে বলে জানান ডিএমপি কমিশনার। তিনি জানান, প্রতিটি প্রবেশদ্বারে আর্চওয়ে এবং মেটাল ডিটেক্টর স্থাপন থাকবে। আর, রবিবার বিকাল ৫টা পর্যন্ত অনুষ্ঠানস্থলে প্রবেশের অনুমতি দেয়া হবে। কমিশনার আরো উল্লেখ করেছেন যে অতিরিক্ত সুরক্ষা স্তরগুলোর মধ্যে ডিএমপির গোয়েন্দা শাখা এবং অনুষ্ঠানস্থলে সাদা পোশাকের কর্মকর্তাদের সহায়তা অন্তর্ভুক্ত থাকবে। আন্তর্জাতিক দর্শনার্থীদের জন্য, ট্যুরিস্ট পুলিশ যে কোনো সমস্যা সমাধানে সহায়তা করতে প্রস্তুত থাকবে। অন্যদিকে জরুরি স্বাস্থ্য সেবা প্রদানে, ঢাকা মেডিকেল কলেজের সৌজন্যে একটি অস্থায়ী মেডিকেল সেন্টার কাজ করবে। আরো থাকবে লস্ট অ্যান্ড ফাউন্ড সেন্টার এবং রক্তদান কেন্দ্রের মতো সুবিধাগুলো। (ভোয়া ওয়েব পেজ: ১৩.০৪.২০২৪ রুবাইয়া)

## বাংলাদেশে চালের দাম যৌক্তিক পর্যায়ে রাখার উদ্যোগ, নির্দেশনা না মানলে জেল-জরিমানা

চালের দাম যৌক্তিক পর্যায়ে রাখার উদ্যোগ নিয়েছে বাংলাদেশের খাদ্য মন্ত্রণালয়। সেই উদ্যোগের হিসেবে, এখন থেকে চাল বাজারজাতকরণের আগে, বস্তার গায়ে ধানের জাত, মিল গেটের মূল্য এবং ওজন লিখতে হবে। সেই সঙ্গে উৎপাদনের তারিখ ও প্রস্তুতকারক প্রতিষ্ঠানের নাম ও অবস্থান উল্লেখ করতে হবে। এই নির্দেশনা না মানলে জেল-জরিমানা করা হতে পারে বলে জানিয়েছে খাদ্য মন্ত্রণালয়। রবিবার (১৪ই এপ্রিল) থেকে খাদ্য মন্ত্রণালয়ের এই নতুন নির্দেশনা কার্যকর হবে। এর আগে গত ২১শে ফেব্রুয়ারি এ বিষয়ে খাদ্য মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সংগ্রহ শাখা থেকে এ বিষয়ে নির্দেশনা জারি করা হয়। নির্দেশনা না মানলে, খাদ্যদ্রব্য উৎপাদন, মজুদ, স্থানান্তর, পরিবহন, সরবরাহ, বিতরণ, বিপণন (ক্ষতিকর কার্যক্রম প্রতিরোধ) আইন, ২০২৩-এর ধারা ৬ ও ধারা ৭ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে বলে জানিয়েছে খাদ্য মন্ত্রণালয়। আইনের ধারা-৬-এর অপরাধের জন্য সর্বোচ্চ ২ বছরের কারাদণ্ড অথবা সর্বোচ্চ ১০ লাখ টাকা জরিমানা অথবা উভয় দণ্ডে দণ্ডিত করার সুযোগ রয়েছে। আর, ধারা-৭-এর শাস্তি হিসেবে রয়েছে, সর্বোচ্চ ৫ বছরের কারাদণ্ড অথবা ১৫ লাখ টাকা জরিমানা অথবা উভয় দণ্ড প্রদান করার বিধান। নির্দেশনার কপি ইতোমধ্যেই মন্ত্রিপরিষদ বিভাগের সচিব, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়ের

সচিব, অর্থ বিভাগের সচিব, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, জেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের পাঠানো হয়েছে। খাদ্য মন্ত্রণালয়ের সচিব মো. ইসমাইল হোসেনের সই করা এই নির্দেশনায় বলা হয়েছে, সম্প্রতি দেশের চাল উৎপাদনকারী কয়েকটি জেলায় পরিদর্শন করে নিশ্চিত হওয়া গেছে, বাজারে একই জাতের ধান থেকে উৎপাদিত চাল ভিন্ন ভিন্ন নামে ও দামে বিক্রি হচ্ছে। চালের দাম অযৌক্তিক পর্যায়ে গেলে বা হঠাৎ বৃদ্ধি পেলে, মিলার, পাইকারি বিক্রেতা, খুচরা বিক্রেতা একে অপরকে দোষারোপ করছেন। এতে ভোক্তারা ন্যায্যমূল্যে তাদের পছন্দমতো ধানের চাল কিনতে অসুবিধার সম্মুখীন হচ্ছেন এবং অনেক ক্ষেত্রে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। চালের বাজার মূল্য সহনশীল ও যৌক্তিক পর্যায়ে রাখতে, ধানের নামেই যাতে চাল বাজারজাতকরণ করা হয় তা নিশ্চিত করার লক্ষ্যে এবং এ সংক্রান্ত কার্যক্রম মনিটরিংয়ের সুবিধার্থে এ নির্দেশনা জারি করা হয়েছে। নির্দেশনায় বলা হয়, চালের উৎপাদনকারী মিলমালিকদের গুদাম থেকে বাণিজ্যিক কাজে চাল সরবরাহের আগে চালের বস্তার ওপর উৎপাদনকারী মিলের নাম, জেলা ও উপজেলার নাম, উৎপাদনের তারিখ, মিল গেট মূল্য এবং ধান/চালের জাত উল্লেখ করতে হবে। বস্তার ওপর এসব তথ্য কালি দিয়ে লিখতে হবে। চাল উৎপাদনকারী মিল মালিকের সরবরাহ করা সব ধরনের চালের বস্তা ও প্যাকেটে ওজন (কেজি) উল্লেখ থাকতে হবে। কর্পোরেট প্রতিষ্ঠানের ক্ষেত্রেও একই নির্দেশনা প্রতিপালন করতে হবে। এক্ষেত্রে মিল গেট দামের পাশাপাশি প্রতিষ্ঠান চাইলে সর্বোচ্চ খুচরা মূল্য উল্লেখ করতে পারবে; বলা হয় খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনায়। (ভোয়া ওয়েব পেজ: ১৩.০৪.২০২৪ রুবাইয়া)

## রেডিও তেহরান

### বাংলাদেশের বুকে একটি নজিরবিহীন ঘটনা ঘটে গেলো

ইসরায়েলি দুটি কার্গো বোয়িং বিমান তেল আবিবের বেন গুরিয়ন আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেছে। গত ৭ই এপ্রিল প্রথমবারের মত অভূতপূর্ব এবং গোপনীয় দুটি ঘটনা ঘটে। ন্যাশনাল এয়ার কার্গো ইনকর্পোরেটেড ইউএসএ দ্বারা নিবন্ধিত ও পরিচালিত পণ্যসম্ভার বিমানটি একই দিনে ঢাকা  ছেড়ে যায়। একই কোম্পানির আরও একটি বিমান **১১ই** এপ্রিল সরাসরি তেল আবিব থেকে ঢাকায় আসে এবং **১২ই** এপ্রিল ঢাকা ছেড়ে যায়। যদিও বাংলাদেশ ও ইসরায়েলের মধ্যে আনুষ্ঠানিক কূটনৈতিক সম্পর্ক নেই, এবং বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে ইসরাইলকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয় না, তা সত্বেও সাম্প্রতিক অতীতে অনুসন্ধানকারী প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশ ইসরায়েলের কাছ থেকে উন্নত নজরদারি সরঞ্জাম এবং স্পাইওয়্যার সংগ্রহ করেছে। এই প্রতিবেদনে আরো অভিযোগ করা হয়েছে যে, বাংলাদেশি সামরিক গোয়েন্দা কর্মকর্তারা প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং বেশ কয়েকটি গোয়েন্দা সংস্থা ও  ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার এই প্রযুক্তি ব্যবহার করে মানবাধিকার লঙ্ঘন করেছে।  (রেডিও তেহরান: ২০৩০ ঘ. **১৩**.০৪.২০২৪ রুবাইয়া)

### চলমান আন্দোলন বাংলাদেশকে ফিরে পাবার আন্দোলন: আমির খসরু

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বা বিএনপির স্থায়ী কমিটির সদস্য এবং চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার উপদেষ্টা আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, বাংলাদেশকে যতদিন ফেরত না পাই ততদিন আন্দোলন সংগ্রাম চলমান থাকবে। বিএনপির হারানোর কিছু নেই। মন্ত্রীত্ব কিংবা এমপি হবার জন্য এই চলমান আন্দোলন না। আজ (শুক্রবার) চট্টগ্রামের মেহেদীবাগ এলাকায় এক ঈদ পুনর্মিলনীতে তিনি এই মন্তব্য করেন। তিনি বলেন, 'চলমান আন্দোলন বাংলাদেশকে ফিরে পাবার আন্দোলন। এটা চলবে। (রেডিও তেহরান: ২০৩০ ঘ. **১৩**.০৪.২০২৪ রুবাইয়া)

## এনএইচকে

### গুরুত্বপূর্ণ সীমান্ত বাণিজ্যিক শহর দখলের দাবি করেছে মিয়ানমারের কারেন নৃ-গোষ্ঠীর বাহিনী

মিয়ানমারের সামরিক বাহিনীর বিরুদ্ধে লড়াইরত সশস্ত্র বিদ্রোহী বাহিনীগুলোর ভাষ্যানুযায়ী, তারা থাইল্যান্ড সীমান্তে অবস্থিত একটি গুরুত্বপূর্ণ বাণিজ্যিক শহর দখল করে নিয়েছে। তিন বছর আগে অভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতা দখলের পর মায়াওয়াদ্দি হারানোর ঘটনাটি জান্তার জন্য সবচেয়ে বড় আঘাত বলে ধারণা করা হচ্ছে। গতকাল শুক্রবার কারেন ন্যাশনাল ইউনিয়ন এক বিবৃতিতে জানায় যে, তারা সীমান্তের উভয় দিকে শান্তি ও স্থিতিশীলতা প্রতিষ্ঠার জন্য থাই সরকারের সঙ্গে সহযোগিতা করবে। গোষ্ঠিটি এমন ইঙ্গিত দিয়েছে যে, তারা পণ্য ও মানুষের সীমান্ত অতিক্রম করা চলাচলে বাধা দেবে না। মায়াওয়াদ্দি থেকে নদীর ওপারের একটি শহরে থাই সেনারা সতর্ক অবস্থানে রয়েছে। থাইল্যান্ডে পালিয়ে যেতে চাওয়া মিয়ানমারের নাগরিকরা একটি সীমান্ত প্রহরা চৌকিতে ভিড় করছে। উল্লেখ্য, গত শরতে সংখ্যালঘু বিভিন্ন নৃ-গোষ্ঠীর বাহিনী ও গণতন্ত্রপন্থী যোদ্ধারা সামরিক বাহিনীর বিরুদ্ধে একটি ভয়াবহ হামলা শুরু করে। এখন পর্যন্ত তারা পশ্চিমাঞ্চলীয় রাখাইন রাজ্যের বাংলাদেশের সীমান্তবর্তী এলাকা এবং উত্তরাঞ্চলীয় কাচিন রাজ্যে চীনের সীমান্তের অদূরে অবস্থিত একটি শহরের নিয়ন্ত্রণ নিয়েছে।

(এনএইচকে ওয়েব পেজ: **১৩**.০৪.২০২৪.রুবাইয়া)

**ডয়চে ভেলে**

## কেন অপ্রতিরোধ্য কিশোর গ্যাং?

বাংলাদেশে কিশোর গ্যাং যেন অপ্রতিরোধ্য হয়ে উঠেছে। ধারাবাহিক গ্রেপ্তার অভিযানের পরও তাদের থামানো যাচ্ছে না। বিভিন্ন ঘটনায় কিশোর গ্যাং-এর নেপথ্যে প্রভাবশালীদের জড়িত থাকার অভিযোগ উঠছে। বিভিন্ন পক্ষের কাছ থেকে পাওয়া তথ্য অনুযায়ী, আধুনিক প্রযুক্তি, পারিবারিক ও সামাজিক কারণ ছাড়াও কিশোর গ্যাং-এর বিস্তারের পেছনের গডফাদাররাও দায়ী। তারা এই কিশোরদের চাঁদাবাজি, জমি দখল, প্রভাব বিস্তার ও মাদক ব্যবসাসহ নানা অপরাধে কাজে লাগান এবং অস্ত্র ও অর্থ সরবরাহ করেন। পুলিশের হাতে ধরা পড়লে জামিনে ছাড়িয়ে আনেন। চট্টগ্রামে কিশোর গ্যাং-এর হাতে এক চিকিৎসক নিহত হওয়ার ঘটনায় দায়ীদের মদদদাতা হিসেবে ছাত্রলীগ নেতার জড়িত থাকার অভিযোগ পাওয়া গেছে। চট্টগ্রামে কিশোর গ্যাং-এর হাত থেকে নিজের ছেলেকে বাঁচাতে গিয়ে গত ১০ এপ্রিল হামলার শিকার হয়ে চিকিৎসাধীন অবস্থায় মারা যান চিকিৎসক কোরবান আলী। গত ৫ এপ্রিল বিকালে চট্টগ্রামের আকবরশাহ এলাকার পশ্চিম ফিরোশাহ হাউজিং-এলাকা দিয়ে হেঁটে যাচ্ছিলেন তার ছেলে আলী রেজা। তিনি তখন দেখেন দুই স্কুল ছাত্রকে কিশোর গ্যাং-এর সদস্যরা মারধর করছেন। মারধরের শিকার দুই স্কুল ছাত্র তাকে দেখে সহায়তা চান। তখন তিনি ওই স্কুল ছাত্রদের বাঁচাতে পুলিশের ৯৯৯-এ ফোন করেন। ফোন পেয়ে পুলিশ এসে একজনকে ধরে নিয়ে যায়। ওই দিন সন্ধ্যায় তিনি (আলী রেজা) ইফতারি কিনতে বাসা থেকে বের হন। তখন কিশোর গ্যাং-এর সদস্যরা একা পেয়ে তার ওপর হামলা চালায়। ছেলেকে মারধরের খবর পেয়ে তাকে রক্ষা করতে ছুটে যান তার বাবা দন্ত চিকিৎক কোরবান আলী। তখন কিশোর গ্যাং-এর সদস্যরা তার ওপরও হামলা চালায়। তারা ওই চিকিৎসকের মাথায় ইট দিয়ে আঘাত করায় তিনি গুরুতর আহত হয়ে মাটিতে লুটিয়ে পড়েন। হাসপাতালে নেয়ার পর আইসিইউতে রেখে তাকে চিকিৎসা দেয়া হয়। ১০ এপ্রিল তিনি মারা যান। এই হত্যাকাণ্ডে জড়িত কিশোর গ্যাং-এর সদস্যরা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগের সাবেক সহসভাপতি গোলাম রসুল নিশানের অনুসারী বলে জানা গেছে। হামলার পর ছাত্রলীগ নেতা গোলাম রসুল নিশান ও কিশোর গ্যাং-এর ১১ সদস্যকে আসামি করে মামলা হয়েছে। চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) আকবরশাহ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাস রাব্বানী ডয়চে ভেলেকে জানান, ''আমরা এরইমধ্যে হত্যাকাণ্ডে জড়িত তিনজনকে আটক করেছি। ছাত্রলীগ নেতাকে এখানো আটক করতে পারিনি। মামলাটি এখন হত্যা মামলায় রূপান্তরিত হয়েছে।'' তিনি বলেন, ''ছাত্রলীগ নেতা নিশান এই গ্রুপটি পরিচালনা করতেন। গ্রুপটির মাধ্যমে সে ওই এলাকায় আধিপত্য বিস্তার ও নানা অপরাধ করাতো বলে আমরা তথ্য পেয়েছি।''

এদিকে নিহত কোরবান আলীর ছেলে চট্টগ্রামের একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্র আলী রেজা জানান, ''যে তিনজনকে আটক করা হয়েছে তারা মূল আসামি নয়। মূল আসামি ছাত্রলীগ নেতা নিশানসহ অন্যরা এখনো গ্রেপ্তার হয়নি।'' তিনি অভিযোগ করেন, ''হামলার পর ওই দিন রাতে আমি যখন থানায় মামলা করতে যাই তখন ছাত্রলীগ নেতা নিশানও থানায় ছিলো। কিন্তু পুলিশ তাকে তখন আটক করেনি। আমার মনে হয় আমি বাবা হত্যার ন্যায়বিচার পাব না।'' তিনি বলেন, ''ছাত্রলীগ নেতা নিশান এলাকায় গত ৫-৮ বছর ধরে কিশোর গ্যাং পরিচালনা করে আসছে। ওই কিশোরদের দিয়ে সে মাদক-ব্যবসা, চাঁদাবাজি, দখলসহ নানা অপকর্ম করিয়ে আসছে। তার পরিবার রাজনৈতিকভাবে প্রভাবশালী হওয়ায় কেউ ভয়ে মুখ খুলতো না।'' আলী রেজা জানান তারা দুই ভাই, এক বোন। মা ক্যানসার আক্রান্ত। বাবাকে হত্যার পর এখন অসহায় অবস্থায় পড়েছে পরিবারটি।

চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) একজন কর্মাকর্তা জানান, সম্প্রতি  পুলিশ ও র‍্যাব চট্টগ্রামে কিশোর গ্যাংয়ের একটি তালিকা করেছে। তাদের তালিকা মতে চট্টগ্রাম শহরে ২০০ কিশোর গ্যাং সক্রিয়। এসব দলে পাঁচ থেকে ২০ জনের সদস্য আছে। কিশোর গ্যাংয়ের পৃষ্ঠপোষকতায় রয়েছে স্থানীয় ছাত্রলীগ ও আওয়ামী লীগ নেতারা। আছেন ওয়ার্ড কাউন্সিলররা। তারা চট্টগ্রাম শহরে কিশোর গ্যাং-এর এমন ৬৪ জন 'বড় ভাই' চিহ্নিত করেছেন। পুলিশ ঢাকায় কমপক্ষে ৮০টি বড় ধরনের কিশোর গ্যাং থাকার কথা বলছে। এছাড়া আরো ছোটোখাটো অনেক কিশোর গ্যাং আছে। ঢাকার কমপক্ষে ২১ জন কাউন্সিলরের বিরুদ্ধে কিশোর গ্যাং-কে পৃষ্ঠপোষকতা দেয়ার অভিযোগ আছে। ঢাকা মহানগর গোয়েন্দা বিভাগের উপ-পুলিশ কমিশনার মশিউর রহমান বলেন, ''তাদের যারা ব্যবহার করে তারাই নতুন নতুন গ্রুপ তৈরি করে। এক গ্রুপ আটক হলে আরেক গ্রুপের জন্ম হয়।'' তিনি বলেন, ''শুরুতে কিশোর গ্যাং ধনীদের কিশোর সন্তানরা ফ্যান্টাসি থেকে তৈরি করতো। এখন এটা সব পর্যায়ে। আমরা এখন কিশোর ছিনতাইকারী গ্রুপও পাচ্ছি।''

২০২২ সালের শুরুর দিকে সারাদেশের কিশোর গ্যাং নিয়ে পুলিশ সদর দপ্তর একটি প্রতিবেদন তৈরি করেছিলো। তাতে সারাদেশে কমপক্ষে ১৭৩টি কিশোর গ্যাং-এর কথা বলা হয়েছিলো। বিভিন্ন অপরাধে তাদের বিরুদ্ধে সারাদেশে মামলা হয় ৭৮০টি। এসব মামলায় আসামি প্রায় ৯০০ জন। তখন রাজধানী ঢাকায় কিশোর গ্যাং ছিল ৬৬টি, চট্টগ্রামে ৫৭টি। মহানগরের বাইরে ঢাকা বিভাগে ২৪টি গ্যাং। বেশির ভাগ বাহিনীর সদস্য ১০ থেকে ৫০ জন। তবে পুলিশ কর্মকর্তারা বলছেন, গত দুই বছরে কিশোর গ্যাং-এর সংখ্যা সারাদেশে দুই গুণেরও বেশি হয়েছে। কিশোর গ্যাং-এর নৃশংসতার উদাহরণ চট্টগ্রামের চিকিৎসককে হত্যা। কিন্তু প্রায় প্রতিদিনই কিশোর গ্যাং-এর সদস্যরা ঢাকাসহ সারাদেশে হত্যাসহ নানা অপরাধমূলক কর্মকাণ্ড করছে। পুলিশের হিসাব বলছে, ২০২৩ সালে শুধু রাজধানী ঢাকায় কিশোর গ্যাং-এর হাতে ২৫ জন নিহত হয়েছেন। ২০২২-২৩ দুই বছরে তাদের হাতে ৩৪ জনের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে ঢাকা মাহানগর

গোয়েন্দা বিভাগ। ঢাকার অদূরে সাভারের আরাপাড়ার বালুর মাঠ এলাকায় ১২ এপ্রিল রাতে সাজ্জাদ হোসেন নামে এক রং মিস্ত্রিকে ছুরিকাঘাতে হত্যা করে কিশোর গ্যাং-এর সদস্যরা। তিনি ওই এলাকায় কিশোর গ্যাং-এর সদস্যদের আড্ডা দিতে বারণ করেছিলেন। এটা নিয়ে কথা কাটাকটি হওয়ায় কিশোর গ্যাং-এর এক সদস্যকে চড় মারেন সাজ্জাদ। এরপর তারা সেখান থেকে চলে গিয়ে দল ভারি করে ফিরে এসে সাজ্জাদকে হত্যা করে। জানা গেছে, ওই কিশোররা স্থানীয় একজন যুবলীগ নেতার অনুসারী। গত ২৫ ফেব্রুয়ারি শেরপুর জেলার শ্রীবরদি এলাকায় বিপ্লব হাসান নামে একজন এসএসসি পরীক্ষার্থীকে হত্যা করে কিশোর গ্যাং-এর সদস্যরা। কথা কটাকাটির জের ধরে তাকে কুপিয়ে হত্যা করা হয়। গত ২৩ ফেব্রুয়ায়ারি ভোলার দৌলতখান উপজেলায় মোহাম্মদ রাব্বী নামে একজন কলেজ শিক্ষার্থীকে হত্যা করে কিশোর গ্যাং-এর সদস্যরা। কিশোর গ্যাং-এর সদস্যরা তার জুনিয়র হওয়ায় তাদের গুরুত্ব না দেয়ায় রড দিয়ে পিটিয়ে হত্যা করা হয় বলে অভিযোগ।

গত বছরের ২৪ আগস্ট ঢাকার দক্ষিণখান এলাকায় কিশোর গ্যাং-এর সিনিয়র-জুনিয়র দ্বন্দ্বে রাফসান নামে ১৭ বছরের এর কিশোরকে ছুরিকাঘাতে হত্যা করা হয়। এই হত্যাকাণ্ডে জড়িত থাকার অভিযোগে তখন আরেক কিশোরকে গ্রেপ্তার করে পুলিশ। পুলিশ জানিয়েছে, সিগারেট খাওয়া নিয়ে দ্বন্দ্বে ওই হত্যাকাণ্ড ঘটে। ওই বছরের ১৭ মে ঢাকার মিরপুরে এক স্কুল ছাত্রকে প্রকাশ্যে কুপিয়ে হত্যা করে কিশোর গ্যাং-এর সদস্যরা। কিশোর গ্যাং-এ যুক্ত হতে না চাওয়ায় সিয়াম (১৪) নামের ওই কিশোরকে হত্যা করা হয় বলে পুলিশ তখন জানায়। নিহত কিশোরের পরিবারের অভিযোগ, ওই কিশোর গ্যাং-এর পেছনে প্রভাবশালীরা জড়িত। পুলিশ আট জনের বিরুদ্ধে মামলা নিলেও প্রভাবশালীদের বিরুদ্ধে মামলা নেয়নি। পুলিশ জানায় প্রায় ১৬ বছর আগে ঢাকার উত্তরা এলাকায় কিশোর গ্যাং-এর তৎপরতা প্রথম নজরে আসে। এরপর তা আর থামেনি। সেই কিশোর গ্যাং এখন ঢাকাসহ সারাদেশে এমনকি প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে পড়েছে। হত্যা থেকে শুরু করে এমন কোনো অপরাধ নেই যাতে কিশোর গ্যাং-এর সদস্যরা জড়িত নয়। তাদের এই অপরাধ প্রবণতা বাড়ছে। ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) একজন কর্মকর্তা জানান, ''কিশোর গ্যাংগুলোর নেপথ্যে আছে প্রভাবশালীরা। বিশেষত রাজনৈতিক নেতা এবং হোয়াইট কলার ক্রিমিন্যালরা কিশোর গ্যাং-এর নেপথ্যে থাকে। তারা তাদের রাজনৈতিক শো-ডাউন থেকে শুরু করে নানা অপকর্মে এইসব গ্যাংকে কাজে লাগায়। অস্ত্র দেয়, অর্থ দেয়। ফলে গ্যাং-এর সদস্যরাও নিজেদের ক্ষমতাধর মনে করে এবং কাউকে পরোয়া করতে চায় না। জড়িয়ে পড়ে নানা অপরাধে।''

ডিএমপি গত দুই মাসে রাজধানীতে অভিযান চালিয়ে কিশোর গ্যাং-এর কমপক্ষে ২০০ সদস্যকে গ্রেপ্তার করেছে। গত মার্চ মাসে দুই দিনের ধারাবাহিক অভিযানে ঢাকার বিভিন্ন এলাকা থেকে ৭৫ জনকে গ্রেপ্তার করে তারা। তারপর তাদের সংখ্যা কমছে না। নতুন নতুন গ্রুপ তৈরি হচ্ছে। ডিএমপির অতিরিক্ত কমিশনার খ. মহিদ উদ্দিন বলেন, ''আমরা তো চেষ্টা করছি। কিন্তু আইন প্রয়োগ তো সর্বশেষ স্তর। শুধু আইন প্রয়োগ করে এই কিশোর অপরাধ নিয়ন্ত্রণ সম্ভব না। এখানে পরিবার, সমাজ ও রাষ্ট্রের দায়িত্ব আছে। আমাদের নানা ধরনের পদক্ষেপ নিতে হবে। এই সময়ে কিশোরার অনলাইনে অনেক কিছু দেখে। ফেসবুকের মাধ্যমে সংগঠিত হয়। তাদের খেলার মাঠ নাই, বিনোদনের ব্যবস্থা নাই। এগুলো দেখতে হবে। আর দেশের ছয়টি কিশোর সংশোধানাগারে এক হাজার ১০০ কিশোরকে জায়গা দেয়া যায়। কিন্তু দেশে ওই বয়সের ছেলে-মেয়ে আছে সাড়ে চার কোটি।'' তিনি এক প্রশ্নের জবাবে বলেন, ''একটি মহল এই কিশোরদের ব্যবহার করছে সত্য। কিন্তু তাদের আইনের আওতায় আনা প্রচলিত আইনে বেশ কঠিন। কারণ তাদের জড়িত থাকা তো আদালতে প্রমাণ করতে হবে।''

আর ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক এবং কিশোর অপরাধ বিষয়ক গবেষক শেখ হাফিজুর রহমান বলেন, ''কিশোরদের নানা অপরাধে কাজে লাগানো সহজ। ফলে সমাজের প্রভাবশালী একটি গোষ্ঠী বিশেষ করে কাউন্সিলর, নির্বাচিত জনপ্রতিনিধি তাদের ব্যবহার করছে। কারণ ভাড়াটে অপরাধী ব্যবহার করা অনেক খরচের ব্যাপার।'' তবে তিনি মনে করেন, ''কিশোর অপরাধ নিয়ন্ত্রণে আমাদের সমাজ ও পরিবার থেকে কাজ করতে হবে। এর মূল অনেক গভীরে। বিশেষ করে এখন যে ডিজিটাল যুগ তাতে আমাদের অনেক বিষয় নিয়ে কাজ করার আছে।''

পরিস্থিতি এমন হয়েছে যে বাংলাদেশের স্বয়ং প্রধানমন্ত্রী কিশোর গ্যাং নিয়ে কথা বলেছেন। গত ৮ এপ্রিল প্রধানমন্ত্রী শেখ হাসিনা কিশোর গ্যাং মোকাবিলার জন্য বিশেষ নির্দেশনা দিয়েছেন। এক্ষেত্রে সবাইকে যুক্ত হতে বলেছেন। তিনি বলেছেন, অন্য অপরাধীদের মতো নয়, তাদের (কিশোর গ্যাং) ক্ষেত্রে বিশেষ দৃষ্টি দিতে হবে। কিশোর অপরাধীরা যেন সংশোধনের সুযোগ পায় সেজন্য কাউন্সেলিংয়ের ব্যবস্থা রাখতে হবে। (ডয়চে ভেলে ওয়েব পেজ:১৩.০৪.২০২৪ রিহাব)

## সরকারের বাজেট ঘাটতির চাপ ব্যাংকের সুদের হারে

নয়-ছয় থেকে 'স্মার্ট' পদ্ধতি চালুর পর বাংলাদেশে ব্যাংকঋণের সুদহার ক্রমাগত বাড়ছে। বিশ্লেষকদের মতে, ব্যাংক থেকে টাকা নিয়ে সরকারের ব্যয় মেটানোর চাপে এই পরিস্থিতি তৈরি হয়েছে। সরকারকে তাই বাজেট ছোট করার পরামর্শ অর্থনীতিবিদদের। নতুন হার অনুযায়ী বাংলাদেশে এখন কেউ ব্যাংক থেকে ঋণ নিতে গেলে তাকে সাড়ে ১৩ শতাংশ পর্যন্ত সুদ গুনতে হবে। গত সেপ্টেম্বরেও যে হার ছিল দশ শতাংশের মতো। আর গত জুলাইর আগে বাংলাদেশ ব্যাংকের বেধে দেয়া সর্বোচ্চ হার ছিল নয় শতাংশ। এর ফলে চিন্তায় পড়েছেন উদ্যোক্তারা। কারণ, ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যবসা সম্প্রসারণ বা নতুন বিনিয়োগ করতে তাদের খরচ আগের চেয়ে বেড়ে যাচ্ছে। ব্যক্তিগত প্রয়োজনে যারা ঋণ নিয়েছেন তাদের জন্যও বাড়তি চাপ তৈরি হয়েছে। অন্যদিকে লাভবান হচ্ছেন ব্যাংকে টাকা সঞ্চয় করছেন যারা।

আমানতের বিপরীতে আগের চেয়ে বেশি হারে তারা সুদ পাচ্ছেন। অর্থনীতিবিদেরা মনে করেন সরকার তার ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় রাজস্ব সংগ্রহ করতে না পারার প্রভাব পড়ছে ব্যাংকের সুদহারের উপরে। কিন্তু সুদহার বাড়লে মূল্যস্ফীতি কমবে এমন প্রত্যাশা থাকলেও বাস্তবে তার প্রতিফলন দেখা যাচ্ছে না। ব্যাংক ঋণের সুদহার এক অঙ্কের ঘরে নামিয়ে আনতে ২০২০ সালের এপ্রিলে নয়-ছয় সুদহার নীতি বাস্তবায়ন করে বাংলাদেশ ব্যাংক। এই নিয়ম অনুসারে ছয় শতাংশের মধ্যে আমানত এবং নয় শতাংশ সুদের মধ্যে ঋণ বিতরণের বাধ্যবাধকতা ছিল ব্যাংকগুলোর জন্য। কিন্তু অনেক অর্থনীতিবিদই এই ব্যবস্থার বিরোধিতা করেন। বিশেষ করে গত বছর মূল্যস্ফীতি নয় শতাংশ ছাড়িয়ে যাওয়ার পর প্রকৃত অর্থে ঋণের সুদহার শুন্য বা ঋণাত্মক হয়ে যায়। এতে ব্যাংক থেকে ঋণ নিয়ে বিলাসবহুল পণ্য কেনার সুযোগ তৈরি হয়। ব্যবসায়ী ও উদ্যোক্তারাও ব্যাপকহারে ঋণ নিতে উৎসাহী হন। তাতে বাজারে টাকার প্রবাহ বেড়ে যায়।

অন্যদিকে, মূল্যস্ফীতির তুলনায় কম হারে সুদ পাওয়ার কারণে আমানতকারীরা ব্যাংকে টাকা রাখতে নিরুৎসাহিত হন। যার কারণে ২০২২ সালে ঋণ বিতরণে ১৩ শতাংশের বেশি প্রবৃদ্ধি হলেও আমানত বাড়ে প্রায় নয় শতাংশ। এমন অবস্থায় গত বছরের জুলাইতে সুদ নির্ধারণে নতুন পদ্ধতি চালু করে কেন্দ্রীয় ব্যাংক, যার নাম দেয়া হয় 'স্মার্ট'। সিক্স মান্থস মুভিং অ্যাভারেজ রেট অব ট্রেজারি বিল বা আগের ছয় মাসের ট্রেজারি বিলের সুদের হারের গড় দিয়ে এই হার নির্ধারণ করা হয়। তার সাথে বাংলাদেশ ব্যাংক আরেকটি মার্জিন ধরে ব্যাংকগুলোর সর্বোচ্চ সুদহার নির্ধারণ করে, যা এপ্রিলের জন্য ধরা হয়েছে ১৩ দশমিক ৫৫ শতাংশ। গত জুলাইর পর থেকে স্মার্ট হার ক্রমাগত বাড়ছে। এ পরিস্থিতিতে আগের মাসগুলোতে মার্জিন সাড়ে তিন শতাংশ থেকে তিন দশমিক ৭৫ শতাংশ ধরা হলেও এবার তা কমিয়ে তিন শতাংশ করেছে কেন্দ্রীয় ব্যাংক। বেসরকারি গবেষণা সংস্থা পিআরআই-এর নির্বাহী পরিচালক ড. আহসান এইচ মনসুর মনে করেন 'স্মার্ট সুদহার নীতি বাস্তবে মোটেও স্মার্ট নয়'। তিনি বলেন, ''এটি হলো পেছনের ছয়মাসের সুদের গড়, যা কিনা ব্যাকওয়ার্ড লুকিং (পশ্চাৎপদ)।" তার মতে এপ্রিল, মে, জুন এই তিন মাসেই মূলত সরকার বেশি ঋণ করে। সরকারের বাজেট খরচের ষাট শতাংশই হবে আগামী দুই-তিন মাসে, যার বড় অংশটাই হবে ব্যাংক থেকে ঋণ করে। এতে সুদের হার আরও বেড়ে যাবে।

চলতি অর্থবছরের সরকারের বাজেট ঘাটতি ধরা হয়েছে দুই লাখ ৬১ হাজার ৭৮৫ কোটি টাকা। এর মধ্যে এক লাখ ৩২ হাজার ৩৯৫ কোটি টাকা বা অর্ধেকই দেশের ব্যাংকিং ব্যবস্থা থেকে নেয়ার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে, যা আগের সংশোধিত বাজেটের চেয়ে প্রায় ১৭ হাজার কোটি টাকা বেশি। এর আগে গত অর্থবছরে সরকার এক লাখ ১৫ হাজার কোটি টাকা ব্যাংক ব্যবস্থা থেকে ঋণ নেয় যার বড় অংশই কেন্দ্রীয় ব্যাংক থেকে টাকা ছাপিয়ে যোগান দেয়া হয়। কিন্তু এতে মূল্যস্ফীতি বেড়ে যাওয়ায় সেই প্রবণতা থেকে এবার সরকার সরে এসেছে। নানা শর্তের বেড়াজালে অর্থ সংগ্রহের আরেক উৎস সঞ্চয়পত্রের বিক্রিও কমেছে। তাই এবার বিকল্প হিসেবে ট্রেজারি বিল ও বন্ডে ঝুঁকেছে সরকার। এমনকি বিভিন্ন খাতের ভর্তুকির তহবিল সংগ্রহেও বিশেষ বন্ডের উদ্যোগ নেয়া হয়েছে। সেই বিল ও বন্ড কিনে সরকারকে অর্থ সরবরাহ করছে ব্যাংকগুলো। এদিকে ডলার সংকট, খেলাপি ঋণসহ নানা কারণে বাণিজ্যিক ব্যাংকগুলো এমনিতেই তারল্য সংকটে ভুগছে। ফলে চাহিদার চেয়ে অর্থের যোগান কম থাকায় সুদের হার বেড়ে যাচ্ছে। ড. আহসান মনসুর বলেন, ''ব্যাংক খাতে আমানতের প্রবৃদ্ধি ১০ শতাংশের কম যা দেড় লক্ষ কোটি টাকার মতো। সেই টাকা যদি সরকারই নিয়ে নেয় তাহলে বাজারে কী পরিস্থিতি হবে? আর সেটাই হচ্ছে।"

অর্থাৎ চড়া সুদে ব্যাংক থেকে টাকা ধার করতে হচ্ছে সরকারকে। গত জুলাইতে ট্রেজারি বিলের ছয়মাসের গড় সুদহার যেখানে সাত দশমিক এক শতাংশ ছিল, মার্চে তা দশ শতাংশ ছাড়িয়েছে। বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. সালেহউদ্দিন আহমেদ মনে করেন এক্ষেত্রে আর কোনো বিকল্প সরকারের সামনে খোলা নেই। তিনি বলেন, ''সরকারকে ব্যাংক থেকে ধার করতেই হবে, কারণ সরকারের সম্পদ কম। এতে সুদের খরচ বেড়ে যাচ্ছে। এখানে কিছু করার উপায় নেই যদি রাজস্ব না বাড়ে, আয়করের আওতা না বাড়ে।" জাতীয় রাজস্ব বোর্ড এনবিআর এর তথ্য অনুযায়ী, ফেব্রুয়ারি পর্যন্ত অর্থবছরের প্রথম আট মাসে দুই লাখ ২৬ হাজার ৫৮৬ কোটি টাকার রাজস্ব তারা আদায় করেছে, যা গোটা অর্থবছরের লক্ষ্যমাত্রার ৫৫ শতাংশ। বেসরকারি গবেষণা সংস্থা সিপিডির নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন বলেন, ''কর-জিডিপি অনুপাত যেখানে আট শতাংশের মতো, এত কম অর্থ দিয়ে সরকারের পরিচালন ব্যয়, উন্নয়ন ব্যয় ইত্যাদি পরিচালন করা তো সম্ভব না। সরকার যদি ঋণ এত না বাড়াতো তাহলে ব্যক্তিখাতের জন্য ঋণ থাকতো, তখন এত বেশি সুদহার করতো না ব্যাংকগুলো।"

এমন অবস্থায় সুদহার বৃদ্ধির বিষয়টিকে স্বাভাবিক বলেই ধরে নিচ্ছেন অর্থনীতিবিদেরা। আমানত আকর্ষণের জন্য ব্যাংকগুলোর কাছেও তার বিকল্প নেই বলে মনে করেন তারা। কিন্তু এর ফলে ব্যবসায়ীদের ঋণ নেয়ার খরচ বাড়ছে, যা বিনিয়োগে প্রভাব ফেলবে বলে আশঙ্কা রয়েছে। ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই এর সভাপতি মো. মাহবুবুল আলম ডয়চে ভেলেকে বলেন, ''ঋণের সুদহারসহ ব্যবসার যেকোন খরচ বৃদ্ধির প্রভাব বিনিয়োগে পড়ে। বর্তমান পরিস্থিতি আমাদের জন্য একটা চ্যালেঞ্জ। তবে অন্যদিকে যদি সরকার ভর্তুকি দেয় যেমন, গ্যাস-বিদ্যুতের নিরবচ্ছিন্ন সুবিধা যদি পাওয়া যায়, ছাড় দেয়া হয় তাহলে অন্ততপক্ষে বিনিয়োগটা বাড়বে।" সুদহার বর্তমান পর্যায় থেকে যাতে আর না বাড়ে সেটি নিশ্চিত করার দাবিও জানান এই ব্যবসায়ী নেতা। তবে বাংলাদেশে ব্যবসার খরচ বৃদ্ধিতে সুদহারকে

বড় নিয়ামক বলে মনে করেন না অর্থনীতিবিদ ড. ফাহমিদা খাতুন। তিনি বলেন, যখন নয়-ছয় সুদহার নির্ধারণ করা হয়েছিল তখন বাংলাদেশ ব্যাংকের প্রত্যাশা ছিল এতে ব্যক্তিখাতে বিনিয়োগ বাড়বে, ব্যবসার খরচ কমবে। কিন্তু সেটি হয়নি। কারণ হিসেবে তিনি বলেন,''ব্যবসার খরচ এককভাবে শুধু সুদের হারের উপর নির্ভর করে না, এর সঙ্গে অবকাঠামো প্রতিবন্ধকতা, আমলাতান্ত্রিক জটিলতা,ঘুস, দুর্নীতি, মানবসম্পদের দক্ষতা এ সমস্ত নানা বিষয় জড়িত। বরং আমরা দেখেছি নয় শতাংশের উপরে যখন সুদের হার ছিল তখন কিছুটা বিনিয়োগ বেড়েছিল। তারপরে বরং ব্যক্তিখাতে বিনিয়োগ স্থবির হয়ে গেছে। জিডিপির ২৪ শতাংশের মধ্যে আছে। এখান থেকে বাড়ছে না।" ড. সালেহউদ্দিন আহমেদ মনে করেন, বড় ব্যবসায়ীদের বর্তমান সুদহারের সঙ্গে মানিয়ে নেয়ার সামর্থ্য থাকা উচিত। তিনি বলেন, ''এখন আর সস্তায় টাকা পাওয়ার সময় নেই। এটা তাদের মানতেই হবে।" ব্যবসায়ীদের দক্ষতা বাড়িয়ে খরচ কমানোয় পরামর্শ দেন তিনি। তবে ছোট ও মাঝারি শিল্প যাতে বেশি ক্ষতিগ্রস্ত না হয় সেদিকে বাংলাদেশ ব্যাংকের নজর দেয়া উচিত বলে তিনি মনে করেন। তাদের জন্য আলাদা সুদহার নির্ধারণের পরামর্শ দেন।

অর্থনীতির সাধারণ সূত্র অনুযায়ী, সুদের হার কম থাকলে মূল্যস্ফীতি বাড়ে, সুদের হার বাড়লে মূল্যস্ফীতি কমে। বাংলাদেশ অনেক দিন ধরেই চড়া মূল্যস্ফীতির মধ্যে রয়েছে। পরিসংখ্যান ব্যুরোর হিসাবে, মার্চে মূল্যস্ফীতি বেড়ে নয় দশমিক ৮১ শতাংশে পৌঁছেছে, যা ফেব্রুয়ারিতে নয় দশমিক ৬৭ শতাংশ আর জানুয়ারিতে ছিল নয় দশমিক ৮৬ শতাংশ। বাংলাদেশ ব্যাংকের সংকোচনমূলক মুদ্রানীতির ঘোষণা এবং সুদহার এত বৃদ্ধির পরও কেন মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে আসছে না? এর উত্তরে ড. ফাহমিদা খাতুন বলেন, ''আমাদের দেশে শুধু মুদ্রানীতি এককভাবে কাজ করবেনা যদি না আর্থিক নীতিও একই হয়। আমি মুদ্রানীতিতে টাকার সরবরাহ কমাচ্ছি কিন্তু আর্থিক বা রাজস্বনীতি যদি সম্প্রসারণমূলক হয় অর্থাৎ, আমি যদি খরচই করতে থাকি, প্রশাসনিক ব্যয় ও পরিচালন ব্যয় যদি কমাতে না পারি তাহলে তো মুদ্রানীতি এককভাবে কাজ করবে না। দ্বিতীয়ত, বাজার তো বাজারের নিয়মে চলে না। বাজারে সরবরাহ ও চাহিদার সমন্বয়ে দাম নির্ধারণ হয়। এখন দেখা যাচ্ছে সরবরাহে ঘাটতি নাই, কিন্তু হঠাৎ হঠাৎ কৃত্রিম সংকট তৈরি করা হয়। সেই কারণে সরবরাহ হঠাৎ কমে যায়। তখন দাম বেড়ে যায়। সেকারণে আমরা মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে সাফল্য দেখতে পারছি না।" তবে ড. আহসান এইচ মনসুর মনে করেন মূল্যস্ফীতির উপরে সুদহার বৃদ্ধির ইতিবাচক প্রভাব সামনের দিনে দেখা যেতে পারে। তিনি বলেন, ''এরইমধ্যে ডলারের বিপরীতে টাকার মূল্য কিছুটা বেড়েছে, ডলার ১১৬-১১৭ টাকায় পাওয়া যায় বাজারে। এটা এই হারে যদি চলে তাহলে আমার মনে হয় মূল্যস্ফীতি দ্রুতই কমে আসবে।" এই তিন অর্থনীতিবিদই মনে করেন বর্তমান পরিস্থিতি মোকাবিলায় বাংলাদেশ ব্যাংক ও সরকারের নীতির পরিবর্তন প্রয়োজন। রাজস্ব ঘাটতি মোকাবিলায় ব্যাংক থেকে টাকা ধার করে চাপ বৃদ্ধি না করে বরং সরকারকে ব্যয় কমনোর পরামর্শ দেন তারা। ড. আহসান এইচ মনসুরের মতে চলতি অর্থবছরের বাজেট থেকে সরকারের অন্তত এক লাখ কোটি টাকার খরচ সাশ্রয় করা প্রয়োজন। এজন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে কাটছাঁট করার কথা বলেন ড. সালেহউদ্দিন আহমেদ। তার মতে, ''অনেক আজেবাজে প্রকল্প থাকে যেগুলোর কোনো মানে হয় না নেওয়ার। সেখানে ব্যয় কাটছাঁট হতে পারে। তাহলে বাজেটের খরচ কিছুটা কমবে।'' (ডয়চে ভেলে ওয়েব পেজ:১৩.০৪.২০২৪ রিহাব)

## রেডিও টুডে

### আজ চৈত্র সংক্রান্তি

আজ চৈত্র সংক্রান্তি। ১৪৩০ বাংলা বর্ষপঞ্জিকার শেষ দিন। আগামীকাল পহেলা বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ। চৈত্র মাসের শেষ দিনকে চৈত্র সংক্রান্তির দিনও বলা হয়। আবহমান বাংলার চিরায়িত বিভিন্ন ঐতিহ্যকে ধারণ করে দিনটি বছরের শেষ দিন হিসেবে পুরাতনকে বিদায় ও নতুন বর্ষকে বরণ করার জন্য প্রতিবছর চৈত্র সংক্রান্তিকে ঘিরে থাকে বিভিন্ন অনুষ্ঠান, উৎসবের আয়োজন। মনে করা হয় চৈত্র সংক্রান্তিকে অনুসরণ করেই পহেলা বৈশাখ উদ্‌যাপনের এত আয়োজন। তাই চৈত্র সংক্রান্তি হচ্ছে বাঙালির আরেক বড় অসাম্প্রদায়িক উৎসব। (রেডিও টুডে:৮৪৫ ঘ. ১৩.০৪.২০২৪ আসাদ)

### বাংলাদেশ এখন পুলিশি রাষ্ট্রে পরিণত হয়েছে : মির্জা ফখরুল

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, আওয়ামী লীগ আজ রাষ্ট্রকে পুলিশি রাষ্ট্রে পরিণত করেছে। এখন সবকিছু নির্ধারণ করে পুলিশেরা। এখন আর আওয়ামী লীগ নাই; এরা এখন পুলিশ লীগ। শুক্রবার বিকেলে ঠাকুরগাঁওয়ের হরিপুর উপজেলায় নিহত যুবদল নেতা আকরাম হোসেনের কবর জিয়ারত ও তার পরিবারের সঙ্গে সাক্ষাৎ শেষে তিনি এ কথা বলেন। মীর্জা ফখরুল আরো বলেন, এই ভয়াবহ দখলদারী সরকার পুলিশ বাহিনীকে ব্যবহার করে রাষ্ট্রযন্ত্রকে ব্যবহার করে পুরো দেশকে আজ পরাধীন করে দিয়েছে।

(রেডিও টুডে: ৮৪৫ ঘ. ১৩.০৪.২০২৪ আসাদ)

### এবারের উপজেলা নির্বাচনে প্রার্থীদের জনপ্রিয়তা যাচাইয়ের সুযোগ সৃষ্টি হয়েছে : স্থানীয় সরকার মন্ত্রী

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী তাজুল ইসলাম বলেছেন, দলীয় মনোনয়ন না থাকায় এবারের উপজেলা নির্বাচনে প্রার্থীদের জনপ্রিয়তা যাচাইয়ের সুযোগ সৃষ্টি হয়েছে। যারা কাজের মাধ্যমে জনগণের মন জয় করতে পেরেছেন, অন্যায়-অত্যাচারের বিরুদ্ধে সোচ্চার ছিলেন, মানুষকে ন্যায়বিচারের মাধ্যমে সমাজে শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠা করেছেন তারা উপজেলা নির্বাচনে নিজেদের গ্রহণযোগ্যতা পরীক্ষা করে দেখতে পারেন। শুক্রবার কুমিল্লার মনোহরগঞ্জ

উপজেলায় নিজ বাড়িতে স্থানীয় উপজেলা আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ ও জনপ্রতিনিধির সঙ্গে ঈদ পুনর্মিলনী সভায় একথা বলেন তিনি। (রেডিও টুডে:৮৪৫ ঘ. ১৩.০৪.২০২৪ আসাদ)

**নববর্ষকে ঘিরে কোনো ধরনের হামলার আশঙ্কা নেই: ডিএমপি কমিশনার**

বর্ষবরণকে কেন্দ্র করে নিশ্ছিদ্র নিরাপত্তা বলয় তৈরি করা হয়েছে বলে জানিয়েছেন ডিএমপি কমিশনার হাবিবুর রহমান। তিনি বলেছেন নববর্ষকে ঘিরে কোনো ধরনের হামলার আশঙ্কা নেই এবার। শনিবার বেলা ১১টায় রমনা পার্কে পহেলা বৈশাখের অনুষ্ঠানস্থল পরিদর্শন শেষে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। আগামীকাল বাংলা নববর্ষের দিনে নানা জায়গায় আয়োজিত হবে অনুষ্ঠান। তবে ডিএমপি কমিশনারের নির্দেশনা রমনা পার্কের বর্ষবরণের অনুষ্ঠান স্থলে বিকেল পাঁচটার পর প্রবেশ যাবে না। সন্ধ্যার আগে শেষ করতে হবে সব ধরনের অনুষ্ঠান। তিনি আরো বলেন, পহেলা বৈশাখ বাঙালি জাতির অসাম্প্রতিক চেতনার বহিঃপ্রকাশ। সেজন্য এটার উপর বারবার আঘাত এসেছে। সহিংস হামলা হয়েছে, জঙ্গি হামলা হয়েছে। সেজন্য সবকিছু মাথায় রেখেই ঢাকা মেট্রোপলিটন পুলিশের পক্ষ থেকে নিরাপত্তা পরিকল্পনার ব্যবস্থা করা হয়েছে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৩.০৪.২০২৪ আসাদ)

**বাংলা নববর্ষ উপলক্ষ্যে সর্বোচ্চ সতর্ক অবস্থায় থাকবে র‍্যাব : র‍্যাব মহাপরিচালক**

পহেলা বৈশাখ অনুষ্ঠানে নারীদের হয়রানীর রোধে র‍্যাব সতর্ক অবস্থানে থাকবে বলে জানিয়েছেন র‍্যাব মহাপরিচালক এম খুরশিদ হোসেন। শনিবার দুপুরে বাংলা নববর্ষ ১৪৩১ বরণ উপলক্ষ্যে রমনা বটমূলে নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শনে এসে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। র‍্যাব মহাপরিচালক বলেন, যে-কোনো গুজব ঠেকাতে সাইবার মনিটরিং টিম কাজ করছে। টিএসসি, শাহবাগ, রমনা, হাতিরঝিল-সহ যেসব জায়গায় জনসমাগম হবে সেখানে র‍্যাবের পর্যাপ্ত সদস্য মোতায়েন থাকবে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৩.০৪.২০২৪ আসাদ)

**পাহাড়ে চলছে মারমা সম্প্রদায়ের সাংগ্রাই উৎসব**

পুরনো বছরকে পেছনে ফেলে বাংলা নতুন বছরকে স্বাগত জানাতে পাহাড়ে চলছে তিন দিনের বর্ষবরণ উৎসব। পার্বত্য জেলাগুলোতে মারমা সম্প্রদায়ের লোকজন মেতে উঠেছেন সাংগ্রাই উৎসবে। বর্ণাঢ্য শোভাযাত্রার মধ্য দিয়ে শুরু হওয়া তিন দিনের এই উৎসবের আজ দ্বিতীয় দিন থাকছে জলকেলির মাধ্যমে শুভেচ্ছা জানানো, প্রদীপ প্রজ্বলনসহ ঐতিহ্যবাহী পাহাড়ি সাংস্কৃতিক অনুষ্ঠান। সাংগ্রাইকে ঘিরে বিহারগুলোতে চলছে মঙ্গল প্রদীপ প্রজ্বলন। পাশাপাশি চলছে নানা ধর্মীয় অনুষ্ঠান। পাহাড়ে নতুন জামা কাপড় পড়ে তরুণ-তরুণীরা ঘুরছেন বন্ধু-বান্ধব ও আত্মীয়-স্বজনের বাড়িতে।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৩.০৪.২০২৪ আসাদ)

**মঙ্গল শোভাযাত্রার প্রস্তুতিতে ব্যস্ত সময় পার করছেন ঢাবির চারুকলার শিক্ষার্থীরা**

রাজধানীতে বর্ষবরণের সবচেয়ে বড় আকর্ষণ মঙ্গল শোভাযাত্রার প্রস্তুতিতে ব্যস্ত সময় পার করছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলার শিক্ষার্থীরা। অন্ধকার ভেদ করে আলো ছড়াতে আমরা তো তিমির বিনাশী প্রতিপাদ্য নিয়ে এ বছর চারুকলা অনুষদ থেকে মঙ্গল শোভাযাত্রা বের করা হবে সকাল ৯টায়। শাহবাগ মোড় হয়ে শিশু পার্কের সামনে দিয়ে ঘুরে আবারও শাহবাগ হয়ে টিএসসিতে গিয়ে শেষ হবে শোভাযাত্রাটি। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৩.০৪.২০২৪ আসাদ)

**রাজধানীর ভাসানটেকে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে আহতদের মধ্যে এক নারী মারা গেছেন**

রাজধানীর মিরপুরের ভাষানটেক এলাকায় কয়েল ধরাতে গিয়ে গ্যাস সিলিন্ডারে লিকেজ থেকে বিস্ফোরণে দগ্ধ মেহেরুন্নেসা নামের এক নারীর মৃত্যু হয়েছে। শনিবার সকাল আটটার দিকে চিকিৎসাধীন অবস্থায় শেখ হাসিনা বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট মারা যান তিনি। বার্ন ইনস্টিটিউটের আবাসিক চিকিৎসক ডা. তরিকুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, ওই নারীর শরীরের ৪৭ শতাংশ দগ্ধ হয়েছিল। এর আগে শুক্রবারে ভাসানটেকের ওই বাসায় গ্যাস সিলিন্ডার লিকেজ থেকে বিস্ফোরণের ঘটনা ঘটে। এতে একই পরিবারের ছয়জন দগ্ধ হন। তাদের সবারই অবস্থাই আশঙ্কাজনক বলে জানিয়েছেন চিকিৎসকরা। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৩.০৪.২০২৪ আসাদ)

**এবারের ইদুল ফিতরের ছুটিতে হাসপাতালগুলোতে স্বাস্থ্য ব্যবস্থা ব্যাহত হয়নি : স্বাস্থ্যমন্ত্রী**

পবিত্র ঈদুল ফিতরের ছুটিতে স্বাস্থ্য ব্যবস্থা ব্যাহত হয়নি বলে মন্তব্য করেছেন স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। তিনি বলেছেন ঢাকা সহ সারাদেশে ইদের ছুটিতে স্বাস্থ্য ব্যবস্থা ব্যাহত হয়নি। প্রতিটি হাসপাতালে ডাক্তারদের থাকা-খাওয়ার ব্যবস্থা রাখা হয়েছিল। শনিবার রাজধানীর কুর্মিটোলা জেনারেল হাসপাতালের স্বাস্থ্য ব্যবস্থাপনা পরিদর্শন শেষে এসব কথা বলেন স্বাস্থ্যমন্ত্রী। সামনে ডেঙ্গুর প্রকোপ সামাল দিতে মন্ত্রণালয় প্রস্তুত আছে জানিয়ে তিনি বলেন, ডেঙ্গু পরিস্থিতি সামাল দিতে স্বাস্থ্য মন্ত্রণালয় বদ্ধপরিকর। সারাদেশে স্যালাইনের কোনো অভাব হবে না। এ সময় স্বাস্থ্যমন্ত্রীর জানান, ডেঙ্গুতে কেউ যেন বিনা চিকিৎসায় মারা না যায় সে দিকে স্বাস্থ্য বিভাগ নজর রাখবে।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৩.০৪.২০২৪ আসাদ)

**ইদকে কেন্দ্র করে সারাদেশে পর্যটন কেন্দ্রগুলোতে মানুষের ঢল নেমেছে**

ইদের তৃতীয় দিনে সারাদেশের পর্যটন ও বিনোদন কেন্দ্রগুলোতে মানুষের ঢল নেমেছে। কক্সবাজার সমুদ্র সৈকতের লাবনী, সুগন্ধ কলাতলীসহ সকল পয়েন্টেই পর্যটকরা ভীড় করেছেন। পরিবার-পরিজন ও বন্ধু-বান্ধব নিয়ে সমুদ্র স্নানে মেতেছেন তারা। উপভোগ করছেন সমুদ্রের অপরূপ নীল জলরাশি। সমুদ্র দর্শনের পাশাপাশি ঘুরে বেড়াচ্ছেন অন্যান্য

স্পটগুলোতেও। হোটেল-মোটেলগুলোতে রয়েছে উপচে পড়া ভিড়। দেশের বিভিন্ন প্রান্ত থেকে আসা ভ্রমণ পিপাসুদের সরব উপস্থিতিতে কক্সবাজার উৎসবের নগরীতে পরিণত হয়েছে। সিলেটের জাফলং, বিছানাকান্দি, সাদা পাহাড়সহ অন্যান্য স্পটগুলোতে রয়েছে ভ্রমণ পিপাসুদের ঢল। প্রকৃতির অপরূপ সৌন্দর্য উপভোগ করতে দল বেঁধে দেশের নানা প্রান্ত থেকে যাচ্ছেন পর্যটকরা। মৌলভীবাজারের লাউয়াছড়া জাতীয় উদ্যান-সহ চা বাগানগুলোতে বেড়েছে পর্যটকদের সমাগম। পাশাপাশি চিড়িয়াখানা-সহ সব বিনোদন কেন্দ্রে ভীড় জমিয়েছে দর্শনার্থীরা।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৩.০৪.২০২৪ আসাদ)

## ইদের ছুটি শেষে ঢাকায় ফিরতে শুরু করেছে মানুষ

ইদের ছুটি শেষে অনেকেই ফিরতে শুরু করেছেন রাজধানীতে। ইদের তৃতীয় দিনে জীবন ও জীবিকার তাগিদে ঢাকা ফিরছে মানুষ। আজ শনিবার সকালে রাজধানীর গাবতলী, মহাখালী, সায়েদাবাদ আন্তঃজেলা বাস টার্মিনাল ও সদরঘাট লঞ্চঘাটে ইদে বাড়ি যাওয়া মানুষদের ঢাকায় ফিরতে দেখা গেছে। তবে তুলনামূলক অনেক কম মানুষ ঢাকায় ফিরছেন। কারণ আগামীকাল রোববার পহেলা বৈশাখের ছুটি রয়েছে। তবে আগামীকাল যাত্রীর চাপ বাড়বে বলে জানিয়েছে সংশ্লিষ্টরা। আর আজ ঢাকা ছাড়া নগরবাসীদের অনেকেই বলছেন ইদের সময়টা যাত্রা পথের ভোগান্তি এড়াতে এখন গ্রামের বাড়ি যাচ্ছেন তারা। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৩.০৪.২০২৪ আসাদ)

## দেশের চলমান তাপ প্রবাহ আরো বিস্তার লাভ করতে পারে : আবহাওয়া অফিস

রাজশাহী, ঢাকা, খুলনা বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগসমূহের উপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপ প্রবাহ বয়ে যাচ্ছে। তা আরো বিস্তার লাভ করতে পারে। এই তাপ প্রবাহ পরবর্তী ৭২ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে। তাপ প্রবাহের সতর্কবার্তায় আবহাওয়াবিদ এ কে এম নাজমুল হক স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে শনিবার সকালে এই পূর্বাভাস জানানো হয়। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৩.০৪.২০২৪ আসাদ)

## মনগড়া তথ্য দিয়ে নির্লজ্জ মিথ্যাচার করছে বিএনপি: ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, দেশের গণতন্ত্র ও নির্বাচনি প্রক্রিয়া বাধাগ্রস্ত করতে সব ষড়যন্ত্র ব্যর্থ হওয়ার পর বিএনপি এখন মনগড়া তথ্য দিয়ে নির্লজ্জ মিথ্যাচার করছে। তথাকথিত গুম, খুন ও মামলার সংখ্যা নিয়ে বিদেশি প্রভুদের কাছ থেকে করুণা ও রাজনৈতিক সমর্থন লাভের আশায় বিএনপি নেতারা ধারাবাহিকভাবে সরকারবিরোধী অপপ্রচার চালাচ্ছেন। আজ শনিবার এক বিবৃতিতে ওবায়দুল কাদের এসব কথা বলেন। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সাম্প্রতিক বক্তব্যকে মিথ্যা, বানোয়াট ও বিভ্রান্তিমূলক আখ্যা দিয়ে এর নিন্দা জানান ওবায়দুল কাদের। ওবায়দুল কাদের বলেন, দেশের সর্বস্তরের জনগণ ঈদ উৎসব উদ্‌যাপন করছে। নিরাপদ ও আনন্দময় পরিবেশে প্রতিটি গৃহকোণ পরিবার-পরিজন নিয়ে উৎসবে মাতোয়ারা। ঠিক সে সময় বিএনপি তথাকথিত 'গুম-নির্যাতনের' কাল্পনিক তথ্য দিয়ে জনগণকে বিভ্রান্ত করছে। মির্জা ফখরুলের দেওয়া বিরোধীদলের নেতাকর্মীদের গুম ও হত্যার ঘটনা সবই মিথ্যা এবং দায়েরকৃত মামলার সংখ্যার তথ্য সম্পূর্ণ বানোয়াট। ঢালাওভাবে অপপ্রচার না চালিয়ে রাজনৈতিক কারণে তথাকথিত নিপীড়ন-নির্যাতনের কোনো ঘটনা ঘটলে সুনির্দিষ্ট তথ্য-সহ বিএনপি নেতাদের সম্পূর্ণ তালিকা জনসম্মুখে প্রকাশের দাবি জানিয়ে ওবায়দুল কাদের বলেন, ঠাকুরগাঁওয়ে মৃত্যুবরণকারী যুবদল নেতা একজন চিহ্নিত মাদকসেবী। তার বিরদ্ধে মাদক ব্যবসা-সহ বিভিন্ন সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগে একাধিক মামলা বিচারাধীন রয়েছে। কোনো প্রকার আইনের ব্যত্যয় ঘটলে সরকার গুরুত্বসহকারে বিষয়টি খতিয়ে দেখবে। কিন্তু মির্জা ফখরুল একজন মাদকাসক্ত এবং মাদক ব্যবসায়ীর মতো একজন অপরাধীর স্বাভাবিক মৃত্যুর ঘটনাকে 'বিরোধীদলের ওপর সরকারের নির্যাতন'-এর অভিযোগ এনে অপপ্রচার চালিয়ে রাজনৈতিকভাবে ফায়দা নেয়ার অপচেষ্টা চালাচ্ছেন। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৩.০৪.২০২৪ আসাদ)

## যুক্তরাষ্ট্রের মিশিগানে পুলিশের গুলিতে এক বাংলাদেশি-আমেরিকান নিহত

যুক্তরাষ্ট্রের মিশিগানে পুলিশের গুলিতে এক বাংলাদেশি-আমেরিকান যুবক নিহত হয়েছেন। স্থানীয় সময় শুক্রবার বেলা ১টা ৪৫ মিনিটে ওয়ারেন শহরের রায়ান সড়কের এলিভেন মাইলের গারবর স্ট্রিটে এ ঘটনা ঘটে। নিহতের নাম হোসেন আল রাজী বয়স ১৯ বছর। পুলিশের দাবি, আল রাজী পুলিশকে লক্ষ্য করে অস্ত্র প্রদর্শন করলে আত্মরক্ষার্থে গুলি চালায় পুলিশ। আল রাজীর বাবা মোহাম্মদ আতিক হোসেন বলেন, পরিবারের সদস্যদের সঙ্গে অস্বাভাবিক আচরণ করায় জরুরি সেবা ৯১১-এ কল দেওয়া হয়। তবে পুলিশ তাকে গুলি করে মেরে ফেলুক এটি আমরা চাইনি। পরিবারের সঙ্গে কথা বলে জানা গেছে, শুক্রবার দুপুরে নিজের ঘরে মা-বাবাসহ পরিবারের সদস্যদের সঙ্গে অস্বাভাবিক আচরণ শুরু করেন আল রাজী। তার এমন আচরণে পরিবারের সদস্যরা ভয় পেয়ে যান। এক পর্যায়ে তার মা-বাবাসহ পরিবারের বাকি সদস্যরা গাড়ির গ্যারেজে আশ্রয় নেন। পুলিশ জানায়, ঘটনাস্থলে এসে যুবকটির হাতে অস্ত্র দেখা যায়। সেটি ফেলে দিয়ে আত্মসমর্পণ করতে বলে পুলিশ। কিন্তু ওই যুবক এতে কর্ণপাত করেননি। এক পর্যায়ে পুলিশকে লক্ষ্য করে অস্ত্র প্রদর্শন করলে আত্মরক্ষার্থে পুলিশ গুলি চালায়। পরে গুলিবিদ্ধ অবস্থায় ওই যুবককে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। এ ঘটনার তদন্ত চলছে বলে গণমাধ্যমকে জানিয়েছেন ওয়ারেন পুলিশ অফিসার ক্যাপ্টেন ছ্যারলেস রোশটন।

হোসেনের বাড়ি সিলেটের বিয়ানীবাজার পৌর এলাকার সুপাতলা। তিন ছেলে ও দুই মেয়ে তার। ছেলেদের মধ্যে আল রাজি বড়। সাত বছর আগে ফ্যামিলি ভিসায় তারা আমেরিকা যান। থাকতেন ওয়ারেন শহরের রায়ান সড়কের এলিভেন মাইলের গারবর স্ট্রিটে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৩.০৪.২০২৪ আসাদ)

## মুন্সীগঞ্জে আওয়ামী লীগের দুই গ্রুপের সংঘর্ষে একজন নিহত

মুন্সীগঞ্জে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই গ্রুপের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে পারভেজ নামের এক যুবক নিহত হয়েছেন। এ ঘটনায় গুলিবিদ্ধসহ আরো কয়েকজন আহত হয়েছে। শুক্রবার দিবাগত গভীর রাত ৩টা থেকে শনিবার সকাল ৭টা পর্যন্ত থেমে থেমে চলে এই সংঘর্ষ। জানা গেছে, এ সংঘর্ষে শতাধিক ককটেল বিস্ফোরণ হয়। রণক্ষেত্রে পরিণত হয় সদর উপজেলার চরাঞ্চলের চরকেওয়ার ইউনিয়নের খাসকান্দি ও ছোট মোল্লাকান্দি গ্রাম। আহতদের মধ্যে গুলিবিদ্ধ রাব্বি ও পারভেজকে গুরুতর অবস্থায় প্রথমে মুন্সীগঞ্জ জেনারেল হাসপাতালে নিয়ে গেলে অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাদের ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়। ঢাকা যাওয়ার পথে গুলিবিদ্ধ পারভেজের মৃত্যু হয়। স্থানীয়রা জানায়, চরকেওয়ার ইউনিয়নের খাসকান্দি ও ছোট মোল্লাকান্দি গ্রামের মামুন হালদার-নজির হালদার গ্রুপের সাথে আহমদ গ্রুপের মধ্যে দীর্ঘ দিন ধরে বিরোধ চলছে। এর আগেও কয়েক দফা সংঘর্ষে লিপ্ত হয় গ্রুপ দু'টি। তারই ধারাবাহিকতায় শুক্রবার রাত থেকে আবারো বিবাদে জড়ায় তারা। ভাঙচুর করা হয়েছে কয়েকটি বসতবাড়ি। বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে দাবি করে সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো: আমিনুল ইসলাম বলেন, ঘটনার সাথে জড়িতদের গ্রেফতারে গ্রাম দু'টিতে পুলিশি অভিযান চলছে। ঘটনার সাথে জড়িত কাউকে ছাড় দেয়া হবে না বলেও জানান তিনি। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৩.০৪.২০২৪ আসাদ)

# জাগো এফএম

## ইসরায়েল থেকে ঢাকায় ফ্লাইট অবতরণ নিয়ে যা জানালো বেবিচক

ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সম্প্রতি ইসরায়েল থেকে দুটি ফ্লাইট অবতরণ করেছে। এ নিয়ে দেশের বিভিন্ন গণমাধ্যমে সংবাদ প্রকাশ হয়। বাংলাদেশের সঙ্গে ইসরায়েলের কূটনৈতিক সম্পর্ক না থাকার পরও কেন শাহজালাল বিমানবন্দরে তাদের ফ্লাইট অবতরণ করল, তা নিয়ে গত কয়েক দিন আলোচনা চলছে। এমন প্রেক্ষাপটে আজ (শনিবার) ঢাকায় ইসরায়েলের ফ্লাইট অবতরণের বিষয়ে বিবৃতি দিয়েছে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)। বিবৃতিতে বলা হয়, বাংলাদেশের তৈরি পোশাক মধ্যপ্রাচ্য ও ইউরোপে নিয়ে যাওয়ার উদ্দেশ্যে গত ৭ই এপ্রিল একটি বিমান তেল আবিব থেকে উড্ডয়ন করে রাত ৯টা ২২ মিনিটে ঢাকায় অবতরণ করে। কার্গো নিয়ে রাত ১১টা ৫৫ মিনিটে ঢাকা থেকে উড্ডয়ন করে। পরে গত ১১ই এপ্রিল আরেকটি ফ্লাইট রাত ৯টা ৫৫ মিনিটে ঢাকায় অবতরণ ও রাত ১২টা ২৯ মিনিটে (১২ই এপ্রিল) কার্গো নিয়ে ঢাকা থেকে উড্ডয়ন করে। দুটি বিমানই মার্কিন যুক্তরাষ্ট্রে নিবন্ধিত ও যুক্তরাষ্ট্রের বিমান সংস্থা ন্যাশনাল এয়ারলাইন্সের।

বিবৃতিতে আরও বলা হয়, বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে দ্বিপাক্ষিক বিমান চলাচল চুক্তি রয়েছে। বিমান চলাচল চুক্তি অনুযায়ী কার্গো ফ্লাইট দুটি ঢাকা এসেছিল। ঢাকা থেকে তৈরি পোশাক নিয়ে ফ্লাইট দুটি সংযুক্ত আরব আমিরাতের শারজাহ এবং ইউরোপের একটি গন্তব্যে গেছে। বাংলাদেশ ও ইসরায়েলের মধ্যে কোনো বিমান চলাচল চুক্তি নেই এবং ইসরায়েলের কোনো বিমান বাংলাদেশে অবতরণের ঘটনা ঘটেনি বলে জানান বেবিচকের উপ-পরিচালক (জনসংযোগ) মোহাম্মদ সোহেল কামরুজ্জামান। (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৪.২০২৪ প্রতীক)

## মিশিগানে পুলিশের গুলিতে বাংলাদেশি যুবক নিহত

যুক্তরাষ্ট্রের মিশিগানে ওয়ারেন সিটি পুলিশের গুলিতে হোসেন আল রাজি (১৮) নামে এক বাংলাদেশি তরুণ নিহত হয়েছেন। শুক্রবার (১২ই এপ্রিল) দুপুর ১টা ৪৫ মিনিটে এ দুর্ঘটনা ঘটে। ওয়ারেন সিটি পুলিশের এক কর্মকর্তা স্থানীয় গণমাধ্যমকে বলেন, মধ্য দুপুরে ৯১১ এ পরিবারের পক্ষ থেকে একটা ফোন আসে। সঙ্গে সঙ্গে অ্যাম্বুলেন্সসহ তিন পুলিশ কর্মকর্তা সেখানে পৌঁছান। পুলিশ কর্মকর্তারা ওই যুবকের হাতে আগ্নেয়াস্ত্র দেখতে পান এবং অস্ত্র ফেলে দেওয়ার জন্য অনুরোধ করেন। কিন্তু ওই যুবক তাদের অনুরোধ উপেক্ষা করে পুলিশ কর্মকর্তাদের দিকে অস্ত্র নিয়ে তেড়ে আসেন। পুলিশের ওই কর্মকর্তা জানান, উপস্থিত পুলিশ কর্মকর্তারা আত্মরক্ষার্থে ১০ রাউন্ড গুলি ছোড়েন। পরে আহত অবস্থায় যুবককে হাসপাতালে পাঠানো হয়। সেখানে নেওয়ার পর কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এ বিষয়ে তদন্ত চলছে। নতুন কোনো তথ্য পেলে বিস্তারিত জানানো হবে।

নিহতের বাবা মোহাম্মদ আতিক হোসেন জানান, আমার দুই ছেলে ও আমি সকালে একসঙ্গে ফজরের নামাজ পড়ি। তারপর সবাই ঘুমিয়ে পড়ি। দুপুরের দিকে ওর মা ও আমার মেজো ছেলে আমাকে বলছে হোসেন আল রাজি অসংলগ্ন আচরণ করছে। আমিও দেখি ও ভিন্ন আচরণ করছে। আমার মেজো ছেলেকে দিয়ে ৯১১-এ কল দেই। অ্যাম্বুলেন্সের সহযোগিতায় আমার ছেলেকে হাসপাতালে নেওয়া যায় কি না। কিছুক্ষণের মধ্যে অ্যাম্বুলেন্স ও পুলিশ আসলে আমরা নিরাপদ স্থানে আছি কি না জানতে চাওয়া হয়। তিনি জানান, আমরা গ্যারেজের গাড়ির ভেতর আছি বলার কিছু সময়ের মধ্যে বেশ কয়েক রাউন্ড গুলির শব্দ শুনতে পাই। আবার কিছুক্ষণ পরেই পুলিশ কর্মকর্তারা আমাদের ডেকে সবাইকে স্থানীয় পুলিশ স্টেশনে নিয়ে সবার জবানবন্দি নেন। আমরা সবাই বাসায় ফিরে আসলে বিকেল ৪টার দিকে খবর আসে

আমার ছেলে মারা গেছে। আমি অ্যাম্বুলেন্সের সাহায্য চাইলাম ছেলেকে হাসপাতালে নেওয়ার জন্য আর পুলিশ আমার ছেলেকে গুলি করে মেরে ফেলল। কী এমন অপরাধ করল আমার ছেলে, যে কারণে ওকে গুলি করে মারতে হলো। তিনি মিশিগানে বসবাসরত বাংলাদেশি-আমেরিকান সবার সাহায্য-সহযোগিতা চেয়েছেন।

নিহতের বাবা জানান, আমার ছেলের মরদেহ এখনো হাসপাতালে পড়ে আছে। দেখতেও পারছি না। তবে আগামী সোমবার মরদেহ হস্তান্তর করার সম্ভাবনা আছে। হস্তান্তর করা হলে ওই দিনই ইসলামিক সেন্টার অফ ওয়ারেনে দুপুরে জানাজার নামাজ শেষে ওখানেই দাফন করা হবে। জানা গেছে, নিহত হোসেন আল রাজি হলেন মোহাম্মদ আতিক হোসেনের বড় ছেলে। দেশের বাড়ি সিলেটের বিয়ানিবাজার পৌরসভার সুপাতলায়। প্রায় ১৬ বছর আগে পরিবারের সঙ্গে যুক্তরাষ্ট্রে আসেন। পাঁচ ভাই-বোনের মধ্যে ও দ্বিতীয় ছিল। (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৪.২০২৪ প্রতীক)

## তাপপ্রবাহ থাকতে পারে আরও ৩ দিন

ইতোমধ্যে দেশের ছয় বিভাগে মৃদু থেকে মাঝারি তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। আগামী দিনগুলোতে তাপপ্রবাহ নতুন নতুন অঞ্চলে বিস্তার লাভ করতে পারে। তাপপ্রবাহ পরিস্থিতি আগামী তিনদিন অব্যাহত থাকতে পারে- এ বিষয়ে সতর্কবার্তা জারি করেছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। শনিবার (১৩ এপ্রিল) বিকেলে জারি করা তাপপ্রবাহের সতর্কবার্তায় বলা হয়েছে, রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগসমূহের উপর দিয়ে মৃদু (৩৬-৩৭.৯ ডিগ্রি সেলসিয়াস) থেকে মাঝারি (৩৮- ৩৯.৯ ডিগ্রি সেলসিয়াস) ধরনের তাপ প্রবাহ বয়ে যাচ্ছে, তা আরও বিস্তার লাভ করতে পারে। শনিবার পরবর্তী ৭২ ঘণ্টা পর্যন্ত এই তাপপ্রবাহ অব্যাহত থাকতে পারে।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৪.২০২৪ প্রতীক)

## ডেঙ্গুতে বিনা চিকিৎসায় কেউ মারা যাবে নাঃ স্বাস্থ্যমন্ত্রী

ডেঙ্গুতে বিনা চিকিৎসায় কেউ মারা যাবে না বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী ডা. সামন্ত লাল সেন। তিনি বলেন, বর্তমানে দেশের সকল ডাক্তার ডেঙ্গু রোগের চিকিৎসা সম্পর্কে অভিজ্ঞ। কাজেই সঠিক সময়ে রোগীরা হাসপাতালে ভর্তি হলে, চিকিৎসায় কোনো সমস্যা হবে না। শনিবার (১৩ই এপ্রিল) সকালে আকস্মিকভাবে রাজধানীর কুর্মিটোলা জেনারেল হাসপাতাল এবং কুয়েত-বাংলাদেশ মৈত্রী সরকারি হাসপাতাল পরিদর্শনকালে সাংবাদিকদের উদ্দেশ্যে এসব কথা বলেন স্বাস্থ্যমন্ত্রী। স্বাস্থ্যমন্ত্রীর এই হাসপাতাল পরিদর্শনকালে উপস্থিত ছিলেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী ডা. রোকেয়া সুলতানা, স্বাস্থ্যসেবা বিভাগের সচিব মো. জাহাঙ্গীর আলম, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক ডা. আবুল বাসার, মোহাম্মদ খুরশীদ আলম প্রমুখ। এক প্রশ্নের জবাবে স্বাস্থ্যমন্ত্রী বলেন, স্বাস্থ্য মন্ত্রণালয়ের কাজ হলো ডেঙ্গু আক্রান্ত হলে চিকিৎসা করা। চিকিৎসায় যাতে ব্যত্যয় না ঘটে, তার জন্য আমার পর্যায়ে আমি মিটিং করেছি। সচিবরাও সবাইকে নিয়ে মিটিং করছেন। আর ডেঙ্গুর রোগীকে সঠিক সময়ে হাসপাতালে ভর্তি করাতে হবে। তিনি বলেন, ডেঙ্গু রোগের বেস্ট চিকিৎসা হচ্ছে প্রিভেনশন। আমরা আগে প্রতিরোধ করি। আমরা সচেতন হয়ে যদি নিজেদের বাড়িঘর নিজেরা পরিচ্ছন্ন রাখি তাহলে এই ডেঙ্গু মশার উপদ্রব থেকে আমরা রক্ষা পাবো।

স্বাস্থ্যমন্ত্রী বলেন, ঈদের আগে আমি বলেছিলাম স্বাস্থ্য সেবায় যেন কোনো বিঘ্ন না ঘটে। এই কয়দিন শুধুমাত্র ঢাকা নয়, আমি প্রতিটা ডিভিশন, প্রতিটা মেডিকেল কলেজের যারা বাইরে আছেন তাদের সাথেও কথা বলেছি। তারা আমাকে নিশ্চিত করে বলেছেন, চিকিৎসা সেবায় কোনো ব্যাঘাত ঘটেনি। আরেকটা বিষয় হলো, এবার ঈদে আমরা ডাক্তার-নার্সদের থাকা খাওয়ার ভালো ব্যবস্থাও করেছি, যার ফলে তারা স্বতঃস্ফূর্তভাবে কাজ করছে। তিনি আরও বলেন, আমি অঙ্গীকার করেছিলাম ঈদে স্বাস্থ্য ব্যবস্থার তদারকি আমি নিজে করবো। সেজন্য আমি আজ এখানে এসেছি। এই তদারকি চলমান থাকবে। (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৪.২০২৪ প্রতীক)

## নববর্ষে নাশকতা মোকাবিলায় প্রস্তুত স্পেশাল কমান্ডো টিম

বাংলা নববর্ষের দিন দেশে জঙ্গি হামলার হওয়ার আশঙ্কা নেই জানিয়ে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‍্যাব) মহাপরিচালক (ডিজি) এম খুরশীদ হোসেন বলেন, এবার যে-কোনো ধরনের নাশকতা ও হামলা মোকাবিলায় র‍্যাবের স্পেশাল কমান্ডো টিম সার্বক্ষণিক প্রস্তুত রয়েছে। শনিবার (১৩ই এপ্রিল) রাজধানীর রমনা বটমূলের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন শেষে র‍্যাবের ডিজি সাংবাদিকদের এ কথা বলেন। তিনি বলেন, ‘পহেলা বৈশাখকে কেন্দ্র করে নিরাপত্তা নিশ্চিত করতে প্রত্যেক বছরের মতো এবছরও র‍্যাব কর্তৃক বিশেষ নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। র‍্যাব সারাদেশে গোয়েন্দা নজরদারি বৃদ্ধি করেছে। নববর্ষের অনুষ্ঠান শেষ না হওয়া পর্যন্ত নিরাপত্তা জোরদার করতে সারাদেশে র‍্যাবের ব্যাটালিয়নসমূহ নিজ নিজ দায়িত্বপূর্ণ এলাকায় পর্যাপ্ত সদস্য মোতায়েন রেখেছে।’

র‍্যাব মহাপরিচালক আরও বলেন, ‘বাংলা নববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে টিএসসি, শাহবাগ, সোহরাওয়ার্দী উদ্যান, রমনা বটমূল, হাতিরঝিল, পূর্বাচল ৩০০ ফিটসহ যেসব স্থানে জনসমাবেশ হবে বা উৎসবমুখর মানুষ যাবে সেসব স্থানে নিরাপত্তা নিশ্চিত করার জন্য পর্যাপ্ত সংখ্যক টহল ও অবজারভেশন পোস্টসহ বিভিন্ন রকম পেট্রল ও সাদা পোশাকে আমাদের সদস্যদের নিয়োজিত রেখেছি। এছাড়াও রাজধানীর গুরুত্বপূর্ণ স্থানগুলোতে র‍্যাবের বোম ডিসপোজাল ইউনিট, ডগ স্কোয়াডসহ সুইপিং সম্পন্ন করা হবে। বিভিন্ন অনুষ্ঠানস্থল ও গুরুত্বপূর্ণ স্থানে আমাদের গোয়েন্দা টিম সার্বক্ষণিক নজরদারি অব্যাহত রেখেছে।

সারাদেশে নববর্ষ উদ্‌যাপনে নিরাপত্তা নিশ্চিত করতে সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে জানিয়ে তিনি বলেন, 'যে কোনো পরিস্থিতি মোকাবিলার জন্য আমাদের স্ট্রাকিং রিজার্ভ ফোর্স সবসময় তৈরি থাকবে। যেকোনো ধরনের নাশকতা ও হামলা মোকাবিলায় র‍্যাবের স্পেশাল কমান্ডো টিমকেও সার্বক্ষণিক প্রস্তুত রেখেছি। এছাড়া নাশকতামূলক যে কোনো পরিস্থিতি মোকাবিলায় পর্যাপ্ত সংখ্যক টহল মোতায়েন ও সাদা পোশাকে গোয়েন্দা নজরদারি বৃদ্ধির মাধ্যমে নাশকতাসহ যে কোনো ধরনের উদ্ভূত পরিস্থিতি কঠোরভাবে প্রতিহত করা হবে।' তিনি বলেন, 'গোয়েন্দা তথ্য, সাইবার মনিটরিংসহ অন্যান্য তথ্য বিশ্লেষণপূর্বক বাংলা নববর্ষকে কেন্দ্র করে কোনো ধরনের জঙ্গি হামলার ব্যাপারে সুনির্দিষ্ট তথ্য পাওয়া যায়নি। তবু আমরা আত্মতৃপ্তিতে ভুগছি না। গোয়েন্দা ও সাইবার মনিটরিং বৃদ্ধির মাধ্যমে জঙ্গিদের যে কোনো নাশকতার পরিকল্পনা নষ্ট করে দিতে র‍্যাব সার্বক্ষণিক প্রস্তুত রয়েছে।'

মহাপরিচালক আরও বলেন, 'নববর্ষকে কেন্দ্র করে ভার্চুয়াল জগতে কোনো ধরনের গুজব, মিথ্যা তথ্য ছড়িয়ে কেউ যাতে অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি সৃষ্টি করতে না পারে, সেজন্য র‍্যাবের সাইবার মনিটরিং টিম অনলাইনে সার্বক্ষণিক নজরদারি অব্যাহত রেখেছে। অনুষ্ঠানের স্থলে ইভটিজিং ও নারীদের উত্ত্যক্ত করা রোধে মোবাইল কোর্টসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। কেউ হেনস্তার শিকার হলে অবশ্যই জানাবেন। আমরা কঠোর হস্তে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেবো।' অন্যান্য বছরের মতো এবারও উৎসাহ ও উদ্দীপনার মধ্যে দেশব্যাপী বাংলা নববর্ষ উদ্‌যাপিত হবে বলে আশা প্রকাশ করেছেন খুরশীদ হোসেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৪.২০২৪ প্রতীক)

## বাবার পর নিখোঁজ ছেলের মরদেহ উদ্ধার

মুন্সিগঞ্জের টঙ্গীবাড়ী উপজেলায় পদ্মার শাখা নদীতে গোসলে নেমে নিখোঁজের একদিন পর স্কুলছাত্রের মরদেহ উদ্ধার করা হয়েছে। শনিবার (১৩ই এপ্রিল) সকাল সোয়া ৯টার দিকে দিঘীরপাড় ধানকোড়া এলাকা সংলগ্ন নদী থেকে ভাসমান অবস্থায় স্কুলছাত্র রিয়াদ রামিন আরিদের (১৬) মরদেহ উদ্ধার করা হয়। এনিয়ে এ ঘটনায় ৩ জনের মরদেহ উদ্ধার করা হলো। এর আগে শুক্রবার (১২ই এপ্রিল) বিকেল চারটার দিকে উপজেলার দিঘীরপাড় বাজার সংলগ্ন পদ্মার শাখা নদীতে এ দুর্ঘটনা ঘটে। রাত সাড়ে ৮টার দিকে আরিদের বাবা রেলওয়ের অতিরিক্ত প্রধান প্রকৌশলী রিয়াদ আহমেদ রাজু ও আত্মীয় ব্যাংকার জুয়েল রানার মরদেহ উদ্ধার করে ফায়ার সার্ভিস।

পুলিশ, ফায়ার সার্ভিস ও স্থানীয়রা জানান, ইদের ছুটিতে ঢাকার মোহাম্মদপুর এলাকা থেকে উপজেলার বেশনাল গ্রামে আত্মীয় ইকবাল মোল্লার বাড়িতে বেড়াতে এসেছিলেন তারা। শুক্রবার বিকেলে উপজেলার দিঘীরপাড় ইউনিয়নের ধানকোড়া এলাকায় পদ্মার শাখা নদীতে প্রায় ৩০ থেকে ৩৫ জন মিলে ইঞ্জিনচালিত ট্রলার যোগে ঘুরতে যান। এ সময় ট্রলার থামিয়ে কয়েকজন গোসল করতে নামেন। সবাই তীরে ফিরতে পারলেও তিনজন নদীতে স্রোতের তোড়ে ভেসে গিয়ে নিখোঁজ হন। খবর পেয়ে মুন্সিগঞ্জ সদর ও টঙ্গীবাড়ি উপজেলার ফায়ার সার্ভিসের কর্মীরা ও নৌ-পুলিশ ঘটনাস্থলে পৌঁছে নিখোঁজ ব্যক্তিদের সন্ধানে অভিযান চালায়। এ বিষয়ে ফায়ার সার্ভিস ঢাকার ওয়্যার হাউজ ইন্সপেক্টর সঞ্জয় কুমার দাস জাগো নিউজকে জানান, রাতে দুইজন ও সকালে স্কুলছাত্রের মরদেহ উদ্ধার করা হয়েছে। মরদেহ নৌপুলিশের মাধ্যমে স্বজনদের কাছে হস্তান্তর করা হচ্ছে। মূলত অসচেতনতার কারণেই এই দুর্ঘটনা। নৌ-ভ্রমণে সতর্কতা ও যারা সাঁতার না জানে তাদের নিরাপত্তা প্রয়োজন।(জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৪.২০২৪ প্রতীক)

## বর্ষবরণ উৎসব উদ্‌যাপনে প্রস্তুত রমনা বটমূল

রোববার (১৪ই এপ্রিল) পহেলা বৈশাখ। বাঙালির প্রাণের উৎসব। আর এ উৎসব উদ্‌যাপনে বরাবরের মতো এবারও সেজেছে রমনার বটমূল। বৈশাখী উৎসবকে বর্ণিল করে তুলতে আয়োজকরা সেরে নিচ্ছেন শেষদিকের প্রস্তুতি। শনিবার (১৩ই এপ্রিল) চৈত্র সংক্রান্তি বা চৈত্র মাসের শেষ দিন। তাই পহেলা বৈশাখের প্রথম দিনের উৎসব উদ্‌যাপনের প্রস্তুতিমূলক অংশ রমনা বটমূলে অনুষ্ঠিত হয়েছে। সকাল থেকেই রমনা বটমূলে বৈশাখী ও দেশাত্মবোধক গান দিয়ে মঞ্চে প্রস্তুতি শুরু করেন ছায়ানটের শিল্পীরা। তাদের সঙ্গে অন্য শিল্পীরাও আয়োজনে অংশ নেন। দুপুর পৌনে ২টা পর্যন্ত চলে তাদের এই প্রস্তুতি। ছায়ানটের শিল্পীরা জানান, এবারের বর্ষবরণ অনুষ্ঠান শুরু হবে সকাল সোয়া ৬টায়। শেষ হবে ৮টা ৩০ মিনিটে। তবে অংশগ্রহণ এবং গান পরিবেশনার ওপর ভিত্তি করে অনুষ্ঠানের পরিধি আরও বাড়তে পারে। সরেজমিনে দেখা যায়, এবার রমনা বটমূলে প্রবেশগেটের সংখ্যা আটটি। তার মধ্যে প্রবেশপথ তিনটি যথাক্রমে অরুণোদয়, রমনা রেস্তোরাঁ, অস্তাচল। বের হওয়ার পথ দুটি যথাক্রমে বৈশাখী ও উত্তরায়ণ। একই সঙ্গে প্রবেশ এবং বের হওয়ার পথ তিনটি যথাক্রমে শ্যামলিমা, স্টার গেট এবং নতুন গেট। প্রতিটি গেটে সিসি ক্যামেরা, ওয়াচ টাওয়ার স্থাপন করেছে ঢাকা মহানগর পুলিশ এবং র‍্যাব। তাদেরও নববর্ষে নিরাপত্তা নিশ্চিত করতে প্রস্তুতি নিতে দেখা গেছে। রোববার বেলা ১১টায় রমনা বটমূল এলাকার নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন করেছেন ঢাকা মহানগর পুলিশের কমিশনার হাবিবুর রহমান। তিনি সাংবাদিকদের বলেছেন, বর্ষবরণ উৎসব আয়োজনে সামগ্রিক প্রস্তুতি নেওয়া হয়েছে। আর নিরাপত্তা নিশ্চিত করতে ঢাকা মহানগর পুলিশের প্রত্যেকটি ইউনিট সচেষ্ট রয়েছে। তিনি বলেন, পহেলা বৈশাখ বাঙালি জাতির অসম্প্রদায়িক চেতনার বহিঃপ্রকাশ। সেজন্য এটার ওপর বারবার আঘাত এসেছে। সহিংস হামলা হয়েছে, জঙ্গি হামলা হয়েছে। সেজন্য সবকিছু মাথায় রেখেই ঢাকা মেট্রোপলিটন পুলিশের পক্ষ থেকে নিরাপত্তা পরিকল্পনার ব্যবস্থা করা হয়েছে। যদিও এ বিষয়ে সুনির্দিষ্ট হামলার শঙ্কা আমার কাছে নেই। আমরা সকলের সহযোগিতা প্রত্যাশা করি।(জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৪.২০২৪ প্রতীক)

## মতামত দিতে দোটানায় বিশেষজ্ঞরা, ঝুলে আছে বইয়ের সংশোধনী

পাঠ্যবইয়ের ভুল-ত্রুটি নতুন নয়। কয়েক বছর ধরেই বই ছাপার পর নানান আলোচনা-সমালোচনা শুরু হয়। চলতি বছর প্রচলিত 'ভুল-ত্রুটি' ছাপিয়ে বিতর্কের কেন্দ্রে 'শরীফার গল্প'। নতুন শিক্ষাক্রমের সপ্তম শ্রেণির ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বইয়ের 'মানুষে মানুষে সাদৃশ্য ও ভিন্নতা' অধ্যায়ের এ গল্প নিয়ে বিপাকে পড়েছে সরকারও। বাধ্য হয়ে গল্পটি পরিমার্জনের জন্য কমিটি গঠন করেছে শিক্ষা মন্ত্রণালয়। তবে আড়াই মাসের বেশি সময় পার হলেও প্রতিবেদন দিতে পারেনি কমিটি। তুমুল আলোচিত এ গল্পের সংশোধনী কবে শিক্ষাপ্রতিষ্ঠানে যাবে, তা নিয়ে ধোঁয়াশায় খোদ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)।

এনসিটিবি কর্মকর্তারা বলছেন, বিশেষজ্ঞ কমিটি শরীফার গল্প নিয়ে কোনো প্রতিবেদন দেয়নি। তারা প্রতিবেদন দিলে এবং শিক্ষা মন্ত্রণালয় তা বিশ্লেষণ করে যে সিদ্ধান্ত দেবে, সেটি চূড়ান্ত হবে। এরপর সংশোধনী পাঠানো হবে শিক্ষাপ্রতিষ্ঠানে। শরীফার গল্প নিয়ে সিদ্ধান্ত না হওয়ায় বইয়ের সংশোধনী পাঠানোর প্রক্রিয়ায়ও ঝুলে আছে। 'শরীফার গল্প' রিভিউ করতে গিয়ে বিপাকে পড়ার কথা জানিয়েছেন বিশেষজ্ঞ কমিটির সদস্যরা। তারা ধর্মীয় দৃষ্টিকোণ থেকে ব্যাখ্যা দিতে আগ্রহী। তবে তা রাষ্ট্রীয় দৃষ্টিভঙ্গি ও বিদ্যমান আইনের সঙ্গে সাংঘর্ষিক হওয়ার শঙ্কায় মতামত দিতে গড়িমসি করছেন কমিটির কোনো কোনো সদস্য। তারপরও ইদের পর একটি প্রতিবেদন দেওয়ার চেষ্টা করবেন বলে জানিয়েছেন কমিটির প্রধান এবং দু'জন সদস্য।

কমিটির বিশেষজ্ঞ সদস্যদের মতে, শরীফ থেকে শরীফা হওয়ার গল্প নিয়ে আপত্তির জায়গাটি মূলত ধর্মীয়। আরও স্পষ্ট করে বললে, ইসলাম ধর্ম অনুযায়ী এ গল্পে কোনো ত্রুটি-বিচ্যুতি আছে কি না, তা খতিয়ে দেখতেই কমিটি গঠন। এজন্য কমিটিতে আহ্বায়কসহ ইসলাম ধর্মের বিভিন্ন বিষয়ে বিশেষজ্ঞ তিনজনকে রেখেছে শিক্ষা মন্ত্রণালয়। কমিটিতে থাকা ইসলামিক স্কলার বা বিশেষজ্ঞরা ধর্মীয় দৃষ্টিকোণ থেকে মতামত দেওয়ার পক্ষে। সেক্ষেত্রে 'তৃতীয় লিঙ্গ (থার্ড জেন্ডার)', 'মেয়ের অবয়বে জন্ম নিয়েও মনে মনে নিজেকে ছেলে ভাবা', 'গুরু মা', 'শিশু ও নতুন বউকে আশীর্বাদ করে অর্থ আয়-রোজগার' শব্দের ব্যবহার বাদ দেওয়ার সুপারিশ করবেন তারা। তাদের এ মতামত রাষ্ট্রীয় দৃষ্টিভঙ্গি এবং বিদ্যমান আইনের সঙ্গে সঙ্গতিপূর্ণ হচ্ছে কি না, তা নিয়ে আরও চিন্তা-ভাবনার জন্য সময় নিচ্ছেন তারা।

ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বইয়ের ৩৯ নম্বর পৃষ্ঠায় শরীফার গল্প শুরু। গল্পটি মোট ৩৭৪ শব্দের। গল্পের একপর্যায়ে শরীফ থেকে শরীফা হওয়া ব্যক্তির ভাষ্যে শিক্ষার্থীদের পড়ানো হচ্ছে, 'একদিন এমন একজনের সঙ্গে পরিচয় হলো, যাকে সমাজের সবাই মেয়ে বলে কিন্তু সে নিজেকে ছেলে বলেই মনে করে। আমার মনে হলো, এই মানুষটাও আমার মতন। সে আমাকে বলল, আমরা নারী বা পুরুষ নই, আমরা হলাম তৃতীয় লিঙ্গ (থার্ড জেন্ডার)।'

কমিটির সদস্য ও ইসলামিক ফাউন্ডেশনের গভর্নর মুফতি মাওলানা কফিল উদ্দীন সরকার জাগো নিউজকে বলেন, শরীফা নিজেও ছেলে হয়ে নিজেকে মেয়ে হিসেবে দেখতে চাইতেন। আবার তিনি এমন আরেকজনের গল্প শোনাচ্ছেন যিনি নাকি নারী-পুরুষ কিছুই না। এটা ইসলাম সমর্থন করে না। সবাই তাকে মেয়ে মনে করলেও সে নিজেই নিজেকে ছেলে মনে করে। এটা শিশুদের মনে নেতিবাচক প্রভাব ফেলতে পারে। তিনি বলেন, জন্মের সময় প্রত্যেক শিশুর লিঙ্গ নির্ধারণ করে দেন আল্লাহ। ছেলে, মেয়ে এবং অস্পষ্ট লিঙ্গধারী, যেটিকে আমরা হিজড়া বলি। ছোট বেলায় কেউ স্পষ্টই মেয়ে হয়ে জন্ম নিলো। বড় হয়ে তার শখ হলো যে, সে ছেলে হতে চায়। এটা সমাজে অশান্তির সৃষ্টি করবে। এটা ইসলামের দৃষ্টিতে গ্রহণযোগ্য নয়।

শরীফার গল্পের শেষে শিক্ষার্থীরা কিছু প্রশ্ন তুলল। এরপর ছেলেদের জিনিস ও মেয়েদের জিনিস নিয়ে আলোচনা পর্ব চললো। এরপর শ্রেণিশিক্ষক খুশি আপা বললেন, কয়েকটা প্রশ্নের মাধ্যমে আমরা চিন্তার খোরাক পেতে পারি। তখন ক্লাসের শিক্ষকরা কিছু প্রশ্ন নিয়ে আলোচনা করলো। সেখানে তৃতীয় প্রশ্নে বলা হচ্ছে, 'একজন মানুষকে বাইরে থেকে দেখেই কি সবসময় সে ছেলে নাকি মেয়ে তা বোঝা যায়?' শেষ প্রশ্নটি হলো- 'এমনটি কি হতে পারে যে, কাউকে আমরা তার শারীরিক বৈশিষ্ট্য দেখে, গলার স্বর শুনে ছেলে বা মেয়ে বলে ভাবছি। কিন্তু সে নিজেকে ভিন্ন কিছু ভাবছে? পাঁচটি প্রশ্নের মধ্যে এ দুটি প্রশ্নও কিছুটা পরিমার্জন করা যেতে পারে বলে মনে করেন কমিটির একাধিক সদস্য।

দুটি প্রশ্ন প্রসঙ্গে ঢাকা আলিয়া মাদরাসার অধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ আবদুর রশীদ জাগো নিউজকে বলেন, শারীরিক বৈশিষ্ট্য অর্থাৎ, লিঙ্গ এবং অবয়ব দেখে ছেলে-মেয়ে পার্থক্য করা খুবই সহজ ও সাবলীল বিষয়। সেটিকে এখানে জটিল করা হচ্ছে কি না, তা খতিয়ে দেখতে হবে। কেউ ছেলে লিঙ্গ পেলেন, অবয়ব ছেলেদের মতো হলো। তারপরও প্রশ্ন রাখা হচ্ছে, নিজেকে সে ভিন্ন কিছু ভাবছে কি না? এটা ভাবা তো আর উচিত নয়। এ ভাবার অনুমতি বা অধিকার ইসলাম ধর্মে নেই। শরীফার গল্প বেশি আলোচনায় আসে গত ১৯ জানুয়ারি। ওইদিন একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের খণ্ডকালীন শিক্ষক আসিফ মাহতাব উৎস জাতীয় শিক্ষক ফোরামের অনুষ্ঠানে বই থেকে ওই গল্পের পৃষ্ঠা ছিঁড়ে ফেলেন এবং অন্যদেরও ছেঁড়ার আহ্বান জানান। মুহূর্তেই ভিডিওটি ভাইরাল হয়ে পড়ে। শুরু হয় তুমুল আলোচনা-সমালোচনা।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) চেয়ারম্যান অধ্যাপক মো. ফরহাদুল ইসলাম জাগো নিউজকে বলেন, পরিমার্জন হবে কি না, শিক্ষাপ্রতিষ্ঠানে আমরা কবে সংশোধনী পাঠাবো; সবই কমিটির প্রতিবেদনের ওপর নির্ভর করছে। তারা তো এখনো প্রতিবেদন দিলেন না। কবে দেবেন, তাও জানি না। আমার কোনো ধারণাও নেই। তাদের প্রতিবেদন ও সুপারিশ না পাওয়ায় শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠ্যবইয়ের সংশোধনী পাঠানোর প্রক্রিয়াও ঝুলে আছে।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৪.২০২৪ প্রতীক)

**রাঙ্গামাটিতে সর্বোচ্চ তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াস**

দেশের ছয় বিভাগে মৃদু থেকে মাঝারি তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। রাঙ্গামাটিতে শনিবার (১৩ই এপ্রিল) দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে। ঢাকায় সর্বনিম্ন তাপমাত্রা কিছুটা বেড়ে হয়েছে ৩৭ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস। আগামী দিনগুলোতে তাপপ্রবাহ নতুন নতুন অঞ্চলে বিস্তার লাভ করতে পারে এবং আগামী তিনদিন অব্যাহত থাকতে পারে- এ বিষয়ে সতর্কবার্তা জারি করেছে আবহাওয়া অধিদপ্তর। শনিবার সন্ধ্যা ৬টা থেকে আগামী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসে আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু-এক জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। নীলফামারী ও নেত্রকোনা জেলাসহ রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম এবং সিলেট বিভাগের ওপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে

(জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৪.২০২৪ প্রতীক)

# BBC

**UKRAINE COULD FACE DEFEAT IN 2024. HERE'S HOW THAT MIGHT LOOK**

The former commander of the UK's Joint Forces Command has warned that Ukraine could face defeat by Russia in 2024. General Sir Richard Barron's has told the BBC there is "a serious risk" of Ukraine losing the war this year. The reason, he says, is "because Ukraine may come to feel it can't win". Ukraine is not yet at that point. But its forces are running critically low on ammunition, troops and air defences. Its much-heralded counter-offensive last year failed to dislodge the Russians from ground they had seized and now Moscow is gearing up for a summer offensive. (BBC Web Page: 13/04/24, FARUK)

**"DON'T' - BIDEN WARNS IRAN AGAINST ATTACKING ISRAEL**

US President Joe Biden says he expects Iran to attack Israel "sooner than later", as fears grow of Iranian retaliation over an air strike that killed top commanders early this month. Israel has not admitted attacking an Iranian consulate in Syria but is widely believed to have been behind it. US officials have told CBS News, the BBC's US partner, that a major attack on Israel could happen imminently. Israel says it is ready to defend itself. Mr Biden told Iran: "Don't". (BBC Web Page: 13/04/24, FARUK)

**DEADLY VIOLENCE AFTER BOY VANISHES IN WEST BANK**

A Palestinian man has been killed in the occupied West Bank and 25 are reported hurt after dozens of Jewish settlers stormed a village during an Israeli search for a missing teenager. Israeli troops intervened after dozens of settlers stormed al-Mughayyir armed with guns and stones. The Palestinian Red Crescent said live fire hit at least eight people. Missing Benjamin Ahimeir, 14, has not been found. A huge search is under way.

(BBC Web Page: 13/04/24, FARUK)

**THE CHILDREN LIVING BETWEEN STARVATION AND DEATH IN DARFUR**

The woman with sad eyes and a quiet voice is just one of the millions of people living in camps for those forced to flee their homes in Sudan, where a civil war broke out a year ago between the army and an armed paramilitary group. The country now faces what the UN says is the "world worst hunger crisis". Qisma Abdirahman Ali Abubaker goes through the motions of waiting in line to pick up her food ration, but her heart is not in it. The small bag does not have to stretch as far as it used to for her family. Three of her children have died of disease and malnutrition in the past four months, she says.

(BBC Web Page: 13/04/24, FARUK)

**US DIPLOMAT TURNED CUBAN SPY JAILED FOR 15 YEARS**

An ex-career diplomat who once served as US ambassador to Bolivia has been sentenced to 15 years in prison for working as an agent for Cuba. Victor Manuel Rocha, 73, secretly passed information to the Cuban government for more than 40 years, according to prosecutors. In February, Rocha changed his initial not guilty plea in a Miami court and ensured he would avoid a trial. The espionage case is among the highest profile ever between the US and Cuba. (BBC Web Page: 13/04/24, FARUK)

**RUSSIAN TROOPS ARRIVE IN NIGER AS AGREEMENT BEGINS**

Dozens of Russian military instructors have arrived in Niger as part of a new agreement with the country's junta, which has cut links with the West. State media reported that they arrived

along with a state-of-the-art air defence system. They are expected to install the system and teach Niger's army how to use it. The West African country is one several in the Sahel region ruled by military authorities to have recently strengthened ties with Russia. A spokesperson for Niger's military government on Friday said the Russians were in the country to train soldiers. (BBC Web Page: 13/04/24, FARUK)

**SIX DEAD AFTER MULTIPLE STABBINGS AT SYDNEY MALL**

At least six people have been killed and several others injured after a man used a knife to attack people at a busy shopping centre in Australia's Sydney before being shot dead by police. Anthony Cooke, New South Wales assistant commissioner, told a news conference on Saturday that the unidentified suspect was killed by a police officer responding to the scene at the Westfield Bondi Junction mall complex. Eight people, including a nine-month-old baby and her mother, were rushed to hospital following the attack that took place as the sprawling shopping centre was packed with people. Police said some of them were in a serious or critical condition. (BBC Web Page: 13/04/24, FARUK)

**LEBANON'S HEZBOLLAH FIRES DOZENS OF ROCKETS AT ISRAELI POSITIONS**

Hezbollah said it has fired dozens of rockets at Israeli artillery positions in response to the Israeli military's strikes in southern Lebanon, in one of its largest assaults since the start of the war on Gaza. The Iran-aligned armed Lebanese group confirmed in a statement late on Friday that it launched dozens of Katyusha rockets at enemy artillery positions in northern Israel and the occupied Golan Heights. The Israeli military said "40 launches were identified from Lebanese territory, some of which were intercepted. The rest fell in open areas."
(BBC Web Page: 13/04/24, FARUK)

**MARCOS JR TREADS FINE LINE WITH CHINA AS PHILIPPINES DEEPENS US, JAPAN TIES**

Against a backdrop of rising tension in the South China Sea between Beijing and Manila, the leaders of Japan, the Philippines and the United States have forged an unprecedented level of cooperation to counter China. But while US President Joe Biden and Japan's Prime Minister Fumio Kishida have stressed the security aspects of their cooperation, Philippine President Ferdinand Marcos Jr has high-lighted its potential economic rewards, touting the partnership with promised investments of some $100bn as a friendship with benefits.
(BBC Web Page: 13/04/24, FARUK)

**::The End::**